“শুণানাং পরমং রূপং ন দৃষ্টিগম্যচ্ছতি ।

যত্তু দৃষ্টিপথং শ্রোত্রং তন্মাত্মৈব স্তুতুচ্ছকম্ ॥”

যোগভাষ্যোক্ত এই সাংখ্যসিদ্ধান্ত, এবং—

“অব্যক্তকেত্বনিবহুং শুণানাং শ্রোত্রাপ্যয়ম্ ।

সদা পশ্যামাহং লীনং বিজ্ঞানাসি শূণামি চ ॥”

ইত্যাদি সাংখ্যস্মৃতি হইতে জানা যায় যে, প্রকৃতি ভাবরূপে সাক্ষাৎকারযোগ্য  
নহে। প্রকৃতি সাক্ষাৎকার অর্থে জ্ঞান ও বৈরাগ্যের দ্বাৰা করণ ও বিষয় দ্বয়  
করিয়া কেবলী হওয়া। অতএব সাম্প্রদায়িকগণ সাংখ্যোক্ত প্রকৃতি সাক্ষাৎকার  
ভিন্ন অর্থ করিয়া সাংখ্যপক্ষে যে দোষারোপ করেন, তাহা সৰ্ব্বথা ভিত্তিশূন্য।

৭। অস্তঃকরণের লীনাবস্থা হইলেই যে কৈবল্য মুক্তি হয়, তাহা নহে।  
অন্ত অবস্থাতেও অস্তঃকরণ লীন হইতে পারে। তন্মধ্যে সাংসিদ্ধিক লয়ের  
কারণ গ্রহনমধ্যে (১৫ পৃষ্ঠে) উক্ত হইয়াছে। তদ্ব্যতীত প্রকৃতির দ্বয় ও বিদেহ-  
নয় নামক অবস্থাতেও ঐরূপ হয়। ঐহারা সাস্মিত সমাধি সিদ্ধ মহদাত্মাকেই  
চরম তত্ত্ব বলিয়া নিশ্চয় করিয়া সেই আনন্দময় আত্মতাবেই পর্য্যবসিত-  
বুদ্ধি, ঐহারা কল্পপ্রলয়ে যখন অনান্য বিষয় সম্যক্ লীন হয়, তখন প্রলীনাস্তঃ-  
করণত্ব হয়ইয়া কৈবল্যাবদবস্থায় থাকেন। কাৰণ অনান্য বিষয়রূপত স্পন্দতম  
উদ্ভেক না থাকিলে মহতের অভিব্যক্তি থাকিতে পারে না। পুনঃসর্গকালে  
ঐহারা পূৰ্বরূপে অভিব্যক্ত হন। ঐহারাই হিরণ্যগর্ভ। বুদ্ধি ও পুরুষেব  
বিবেকখ্যাতি না থাকাতেই ঐহাদের পুনরুত্থান হয়। কৈবল্য মুক্তিতে  
বিবেকখ্যাতি পূৰ্বক নয় হয় বলিয়া আর পুনরুত্থান হয় না। যেমন ভূগা-  
শক্তির দ্বারা বিপরীত দিকে আকৃষ্ট দ্রব্য স্থির থাকে, সেইরূপ বিবেকখ্যাতি ও  
পরবৈরাগ্যের দ্বারা চিন্তের উত্থান রহিত হইয়া যায়। বস্তুতঃ বিবেকখ্যাতি  
ও পরবৈরাগ্যের দ্বারা চিন্তের উত্থান রোধ করিতে করিতে যখন নিরোধ  
চিন্তের স্বভাব বা ভূমিকা হইয়া দাঁড়ায়, সেই অবস্থায় নামই কৈবল্য-মুক্তি  
বা শাস্ত্রতী শাস্তি। সাধারণ লোকে ইহার উৎকর্ষের মর্থ মোটেই অবধারণ  
করিতে পারে না। তাহাদের ভাবা উচিত যে, সৰ্ব্বস্নাত্ত্ব ও সৰ্ব্বভাবাধিষ্ঠাত্ত্ব  
রূপ ঐশ্বর্য হইতেও উহা ইষ্ট অবস্থা। বিদেহলানগণও পূৰ্বোক্ত প্রকৃতি-

তাহা সাক্ষাৎ করিতে হইবে। পবে কতক গুণ ব্যাপিয়া সেই জিয়া-প্রবাহের প্রকৃতি সাক্ষাৎ বিজ্ঞাত হইয়া, একটা বিশেষ কালে অর্থাৎ কতকগুলি নির্দিষ্ট পরিণাম একত্রিত হইলে কিরূপ হইবে তাহাব অল্পধাবন কবিলে, মনসচিত্রে তাহা সম্যক্ দেখা যাইবে। এইরূপে ছুই দিন, দশ দিন, বা দশ বৎসর পরে সেই লৌহের কি পরিণাম হইবে, তাহা বিজ্ঞাত হওয়া যায়। ইহা একটা সহজ ভবিষ্যৎ-জ্ঞানের উদাহরণ। মনে কর, ১০ বৎসর পরে সেই লৌহখণ্ড লইয়া একজন লোক ছুরি নির্মাণ করিবে। বর্তমানে তাহা জানিতে হইলে বাহ্যতঃ-সাক্ষাৎকারের সঙ্গে পরচিত্তের পরিণামও সাক্ষাৎ করিতে হইবে। বাহ্যব্যবহার জ্ঞান চিত্তও প্রতিনিয়ত পরিণত হইয়া যাইতেছে। এক একটা চিত্ত-পরিণামের নাম বৃত্তি। বৃত্তির মধ্যে যাহা সমুদ্রিত বা প্রবলজিয়াবতী হয়, তাহাই আমাদের অল্পভব-গোচর হয়। যাহা হৃদয়জিয়াবতী, তাহা চিত্তে অজ্ঞাতভাবে বিদ্যত হইয়া থাকে। [সাধারণ পরচিত্তজ্ঞ (Thought-reader) ব্যক্তির প্রায়ই তোমার জীবনের এমন অতীত ঘটনা বলিবে যে, হয়ত তোমার তাহা মনে নাই, এবং তুমি মনে যাহা না ভাবিতেছ, এরূপ ঘটনাও অনেক বলিয়া দিবে। ইহাতে অতীত-বৃত্তি সকল যে হৃদয়রূপে জিয়াবতী হইয়া (কারণ জিয়া-বাতীত বৃত্তি অল্পজীবিত থাকিতে পারে না) চিত্তে থাকে, তাহা প্রমাণিত হয়।] সমাধি-বলে জ্ঞানশক্তি অব্যাহত হইলে পরচিত্তের সমস্ত অতীতাদি তাব বিজ্ঞাত হওয়া যায়। যেমন চক্ষু কতকপরিমাণ দৃশ্যকে যুগপৎ দেখিতে পায়, অধিক পায় না; সমাধি-নির্মল জ্ঞানের জেয় পদার্থের সেরূপ সঙ্গীর্ণ পরিমিত বিস্তার নাই, তদ্বারা যেন যুগপৎ জগৎস্থ যাবতীয় লোকের চিত্ত বিজ্ঞাত হওয়া যাইতে পারে। বাহ্যব্যবহার যেমন বর্তমান ধর্মের হৃদয়বস্থা সম্যক্ বিজ্ঞাত হইয়া ভবিষ্যৎধর্মের জ্ঞান হয়, সেইরূপ চিত্তেরও বর্তমান ধর্ম বিজ্ঞাত হইয়া তাহার অবশ্যস্তাবী পরিণাম-পবনক্রমে ভবিষ্যৎ যে কোন ধর্ম বিজ্ঞাত হওয়া যায়। এখন এই কয়টা নিয়ম খাটাইয়া দেখিবে পূর্বোক্ত উদাহরণ যুঝা যাইবে। মনে কর, সেই লৌহখণ্ড লইয়া ১০ বৎসর পরে এক ব্যক্তি ছুরি গড়িবে। সাক্ষাৎকারেছুকে সেই ভবিষ্যৎঘটনাকে বর্তমানে সাক্ষাৎ করিতে গেলে সর্কধা ও সর্কতঃ খ্যাতিমৎ প্রজ্ঞাচক্ষু দ্বারা সেই লৌহের পরিণাম-ক্রম এবং দশবর্ষব্যাপী পার্থিব সমস্ত মানবের চিত্ত-পরিণাম-ক্রম সাক্ষাৎ করিতে হইবে। তন্মধ্যে দেশ, কাল ও নির্দিষ্ট ব্যা-

সেই বাহ্যিক সহিত সেই লৌহখণ্ডের মতক প্রতিপন্ন হইবে, তাহাকে দক্ষ কবিতাই সেই লৌহখণ্ডের ছবি-পরিণাম-দৃশ্য চিত্রপটে উদ্ভিত হইবে। ইহা দার্শনিক-পরিণাম-সাধারণ পাঠকের নিকট স্বপ্নবৎ বোধ হইবে, কিন্তু ইহা ব্যতীত চিত্রের ভবিষ্যৎজ্ঞানের আর যুক্তিযুক্ত উপায়-ব্যাখ্যা নাই। নিম্না সাহিত্যিক ভেদে তিনপ্রকার (যৌগভাণ্ডে বিদ্যুত বিদারণ দ্রষ্টব্য), তৎকাল সাহিত্যিক নিম্নার সমস্ত সন্দেহের অল্প চিত্র কখন কখন বহু হয়। বহু অবস্থ্য দ্রব্যের ছায় সন্দেহ ও নিম্নার ভেদ। তনোওপস্থিতি নিম্না স্বল্প বটে, কিন্তু সন্দেহের ছায় স্থির। আর ভাগ্যৎ বহু হইলেও অস্থির। অস্থিরতা অবস্থ্যতা হেতু ভাগ্যৎ ও নিম্নাবস্থ্য মহাদায়ভাবের বাহ্য প্রকাশ্যবিষয়, চিত্র প্রকাশিত হয় না। তবে সাহিত্যিক নিম্নার স্বচিৎ অল্প সময়ের অল্প (১ বা ২ চিত্রবৃত্তি উঠিতে যে সময় লাগে, ততক্ষণ) বহু, স্থির ও প্রকাশশীল ভাব আসিতে পারে। সেই চিত্র দ্বারা সেই কালেই ভবিষ্যৎজ্ঞান হয়। পূর্বেই বুঝান হইয়াছে যে, চিত্রের এক স্থলবৃত্তি হইতে যে সময় লাগে (অর্থাৎ স্থল তিন মণ), সেই সময়ে কোটি কোটি স্থলবিষয়িণী বৃত্তি উঠিতে পারে। স্থল-স্বভাব হেতু ভবিষ্যৎজ্ঞানের পূর্বেকৃত ক্রম সাধারণ চিত্র ধারণা কবিত্তে পারে না, শেষ দৃশ্যটাই গোচর করিতে পারে। এইরূপে স্বপ্নকালে কখন কখন ভবিষ্যৎজ্ঞান হয়, এবং সমস্ত ভবিষ্যৎজ্ঞানই এই উপায়ে হয়।

১০। অতীতজ্ঞানের স্বল্প ও ঐপ্রকার নিম্নল চিত্রের প্রয়োজন। বিজ্ঞ-মান দ্রব্যের অভাব ও অবিজ্ঞমান দ্রব্যের ভাব হয় না, এই নিয়ম প্রত্যেক অবস্থ্যতে ব্যক্তিই বৃত্তিতে পারেন। ভবিষ্যৎকাল যেমন বর্তমানের অবস্থা-বিশেষ, তেমনি বর্তমান ধর্ম ও অতীতের অবস্থা-বিশেষ। যেমন বর্তমানের পব পর অবস্থা সাফাৎ করিলে ভবিষ্যৎকে উদ্ভিতরূপে জানা যায়, সেইরূপ বর্তমানের পূর্ক পূর্ক পরিণাম ক্রম সাফাৎ করিলে অতীতে উপনীত হওয়া যায়। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন—“বস্তুত: অতীত ও ভবিষ্যৎ বিজ্ঞমান আছে, কেবল ধর্ম সকলের পথ ভেদে ঐরূপ ব্যবহার হয়”। সাধারণ অবস্থ্যর আমরা যেন ক্ষুদ্র গবাক্ষের সম্মুখে গন্যমান দ্রব্যের ছায় অল্পে অল্পে দ্রব্যের ধর্মকে দেখি। আর একটা সুন্দর দৃষ্টান্তের দ্বারা ইহা বিশদ হইতে পারে। নদীতীরে উপবিষ্ট ব্যক্তি যেমন একটা বানের তরঙ্গ দেখিয়া তাহাতে আকৃষ্ট-দৃষ্টি হইয়া থাকে, সেইরূপ আনন্দাও বৈবাহ্যভিত্তিক, “বর্তমান” নামক এক

ন জিয়া উরঙ্গো দ্বাৰা আৰুঐবুদ্ধি হইয়া বহিগাছি। তাহাতে আমাদেৱও  
 স্তে তৎসদৃশী এক "বৰ্তমানী" সূচী বৃত্তি উদ্ভিত পঠিয়াছে। সেই তবঙ্গব  
 তিতে যেমন ফলেন গতি হয় না, তেমনি অতীত ও ভবিষ্যৎ বৰ্তমানই আছে,  
 যি নাই। সূচীৰ দ্বাৰা অনাক্ষুণ্ণদৃষ্টি যোশিণা অতবৰ্জিত বা স্থল উভয়  
 পার্শ্বই (অতীতানাগত) বিজ্ঞাত হন।। তৎক্ষণ চন্দনজ্ঞানে অতীতানাগত মোট  
 অনেক বিদূষিত হইয়া যায়। আনবা এমন অনেক ঘটনা, জানি, বাহাতে  
 কহ কেহ দুবহু আত্মীয়েৰ মুখ্য শপ্ৰে জ্ঞাত হইয়াছেন (ঘটনা অতীত  
 হইলে)। তাহা পূৰ্বোক্ত প্ৰণালীতে প্ৰত্যক্ষ হয়। জিজ্ঞাস্ত হইতে পাবে,  
 ইক্লপ ঘটনাৰ কিছু পৰেই যে নিদিষ্ট ব্যক্তিৰ সাধিব নিদা হইবে, তাহাৰ  
 গম্বব কি ? ইহা বুদ্ধিতে হইলে আবও বয়েকটা নিগম বুঝা উচিত। আনা  
 দেব ভাগবাসাৰ পাজেৰ সহিত বা যতাকে চিত্তা কবা গায়, তাহাৰ সহিত  
 একটা মৰফ স্থাপিত হয়। উহাকে En rapport বা 'Lolepthy বলে।  
 ইহাতই দুবহু পুত্ৰ কঠে পাড়াল বা বধ হইলে মাতাৰ দৌশ্বনস্ত অথবা  
 নিঃসাড়ে অশ্ৰণাত হয়। যেহেতু কোনপ্ৰকাৰ মৰফ ব্যতীত জ্ঞানোক্তক  
 কল্পনীম নহে। নিজাকালে যখন অজ্ঞাত অতীত ঘটনা যথাবৎ প্ৰত্যক্ষ হয়,  
 তখন ঐ মৰফেৰ দ্বাৰা উদ্ভিক্ত হইয়া নিজাতে জাজাতা যাইয়া সাধিকতা  
 আইলে। নিজেৰ মঙ্গলানপ্ৰণেব জ্ঞাত ও উদ্ভিক্ত হইয়া কখনও কখনও  
 সাধিক স্বপ্ন হয়। বাচায়া এনপ ঘটনা নিঃশ্বমে জানিতে চান, তাহাৰা  
 Night Side of Nature নামক গ্ৰন্থ পাঠ কৰিবেন।

১১। ত্ৰিকাল জ্ঞানেৰ কপায় কয়েকটা সাত্তা আগিয়া পড়ে। তাহা  
 অনেকব মাথা যুৱাইয়া দেয়। "যদি ভবিষ্যতে আমি কি হইব তাহা স্থিব  
 আছে, তবে আমাব কোন কশ্মেৰ জন্ত আমি দাবী নহি," এইক্লপ ধাঁধা  
 অনেকব হয়। অবশা সাব্যদেব নিকট ইহা ধাঁধা নহে। বাহাৰা ঈশ্বৰকে  
 নিজেৰ সৃষ্টিকৰ্ত্তা এবং ভবিষ্যদ বিধাতা বলেন, তাহাদেব পক্ষে ইহা গোলক-  
 ধাঁধা বটে। তাহাৰা ভবিষ্যৎ স্থিব নাই একপ বলিতেও পাবেন না, কাবণ  
 তাহা হইলে তাহাদেব ঈশ্বৰ অসৰ্ব্বজ্ঞ (ভবিষ্যৎজ্ঞানাভাবে) হন। প্ৰায় সমস্ত  
 আৰ্য্যশাস্ত্ৰেৰ উহা মত নহে, তাহাদেৰ মতে জীৱ সৃষ্ট নহে, অনাদি, এবং অনাদি-  
 কৰ্ম্মবশে জীৱনেৰ সমস্ত ঘটনা ঘটে। ইহাতে ঐ ধাঁধা অনেক কাটে বটে,  
 কিন্তু বাচাৰা ঈশ্বৰকে কশ্মকলবিধাতা ও কবণাময় বলেন, তাহাদেব আপদ্



মূর হয় না। কারণ যে জীব হুঃসহ নরক-যন্ত্রণা ভোগ করিতেছে, সে বলিয়া “যে সর্ক্কজ ঈশ্বর বহু পূর্ক্ক হইতেই যদি জানিতেন যে আমি এই কষ্ট লে করিব, তবে এতদিন কণামাত্র করুণার দ্বারা স্বীয় সর্ক্ক-শক্তি-প্রয়োগে কি প্রতিবিধান করিলেন না কেন ?” এতদ্বস্তরে কর্মফলদাতা ঈশ্বরের অশক্ক, নয় করুণাশূন্য বলিতে হয়। শঙ্করাচার্য্য ইহার দোষ এইরূপে করিতে প্রয়াস পাইয়াছেন। তিনি বলেন, “ঈশ্বর মেঘের মত ; মেঘে সর্ক্কত্র সমভাবে বর্ষণ করে, ঈশ্বরও তেমনি যে যেমন কর্ম করিয়াছে, তেমনি ফল দেন ; যে ভাল করিয়াছে, তাহাকে ভাল ফল দেন ও যে মন্দ করিয়াছে, তাহাকে কষ্টকর ফল দেন। তাহা না করিয়া, যে ভাল করিয়া তাহাকে মন্দ ফল দিলে, বা যে মন্দ করিয়াছে, তাহাকে ভাল ফল দিলে তাহার বৈষম্য-দোষ হইত”। ইহা হইতেও করুণাময়ত্ব সিদ্ধ হয় না ; কারণ ভাল করিয়াছে, তাহার ভাল করিলে করুণা বলা যায় না, বরঞ্চ ভাল করার সামর্থ্য থাকিলেও যদি কাহারও ভাল না করা যায়, তবে নিষ্করণ বহি হইবে। অতএব “হয় নিষ্করণ, নয় সামর্থ্যহীন” এ দোষ বঞ্চিত হইবে। তবে ঐ সিদ্ধান্ত হইতে ঈশ্বর যে ভাল ও মন্দ উভয়ের পরূপাতশূন্য, সিদ্ধ হয়। কিন্তু তাহাতে কর্মই প্রভূ হইল, ঈশ্বর কর্মফল-দানের হইলেন। যিনি স্বতন্ত্র ইচ্ছা দ্বারা কারুণ্য-প্রণোদিত হইয়া হুঃস্বীকৃষ্ট না করিলেন, তিনি কিরূপে করুণাময় প্রভূ হইবেন ? অতএব কর্মবিধাতা ঈশ্বর স্বীকারেও উক্ত ধাঁধা মেটে না। সাংখ্যগণের ঈশ্বর কর্মদাতা নহেন। “নেশ্বরাদিষ্টিতে ফলনিষ্পত্তিঃ, কর্মণ্য তৎসিদ্ধেঃ” (সাংখ্যতত্ত্ব) তিনি মুক্ত পুরুষবিশেষ। তাঁহার সর্ক্কজ্ঞা ও সর্ক্কশক্তি থাকিলেও নিজনতা-বিধায় তিনি নিষ্ক্রিয়। কার্য্য-কারণ-পরম্পরায় জগতের সমস্ত তেছে। পুষ্ককৃতি মূলকারণ ; তাঁহাদের সংযোগ হইতে অন্যাদি সর্ব্ববর্তমান। যেমন হাত-কাটা-রূপ কর্ম করিলে তাহার হুঃধরূপ ফল-তে কর, তেমনি সুখদয় ঘটনাই কর্মসংস্কারের বিপাক হইতে হইতেছে। বিপাকের জন্য তোমার আত্মগত কারণই যথেষ্ট ; পুরুষাত্মকের সাহায্য প্রয়োজন নাই। তোমার বর্তমান, অতীত, ভবিষ্যৎ, সমস্তই কার্য্য কারণ-পরম্পরার ফল। এই কার্য্য-কারণ-পরম্পরার জানই ত্রিকালজ্ঞান। সাধা অবস্থায় আমরা কারণের অত্যন্তদূর জানি বলিয়া কার্য্য গম্যত্ব জানি

পাবি না। সনাতন-সিদ্ধিতে তাহাব বিপরীত হয়। ইচ্ছা, পুরুষদান, সমস্তই সেই কাব্য-কাবণের অন্তর্গত। অতএব প্রাগুক্ত ধাঁধা হইতে সাংখ্যগণের কঠব্য-মোহ বা সিক্তান্ত হানির সম্ভাবনা মোটেই নাই। তাঁহারা ভূত-ভবিষ্যতের স্থিরতা জানিয়া, হয় নিঃশব্দ হইয়া নৈব-শাসিদ্ধি লাভ কবেন, না যে ঐতোক্ত-নীত্যমুখ্যায় অতীতানাগত-ঘটনায় অনাগর হন।

আব একটা ধাঁধা এই, এক ব্যক্তি কোন ত্রিকালজ্ঞকে ঠকাইবার জন্য জিজ্ঞাসা করিল, “বল দেখি, আমি এই গৃহে প্রবেশ করিব কি না?” তাহাব ইচ্ছা, ত্রিকালজ্ঞ যাহা বলিবে, তাহাব বিপরীত করিবে। সেই ক্ষেত্রে ত্রিকালজ্ঞ কিরূপে ঘটনা স্থির করিয়া বলিবে? ত্রিকালজ্ঞ কার্য-কারণ-পৰম্পরা প্রত্যক্ষ করিয়া জানিল যে, তাহাকে তাহা জ্ঞাত করাইলে সেই কাবণ-বশে সে তাহার বিপরীত করিবে; অতএব ত্রিকালজ্ঞকে সে স্থলে ঘটনা না বলিয়া বলিতে হইবে যে, “আমি যা বলিব, তাহাব বিপরীত করিবে”। সে স্থলে যে ত্রিকালজ্ঞ ঘটনা বলিতে পারিবে না, তাহার কারণ এই যে, সেই কার্য-কারণের শেষ কাবণ ত্রিকালজ্ঞের নিম্ন কর্ম অর্থাৎ “যাবে” কি “যাবে না” এইরূপ বলা। যে কর্ম আমি কবিত্তে পাবি বা ইচ্ছা করিলে না কবিত্তে পাবি, তাহা কবিব কি না, ইহা কার্য-কারণ-জ্ঞান-সম্বৃত্ত ভবিষ্য জ্ঞানের বিষয় নহে, অবশ্য নিজেব পক্ষে। অতএব উপরোক্ত স্থলে ঘটনা যখন বেছেকর্মেব উপব নির্ভর কবিত্তেছে, তখন তাহা ভবিষ্যৎরূপে জ্ঞেয় নহে। অর্থাৎ “আমি (পাঁচ মিনিট পরে) হাত তুলিব কি না” এরূপ কর্ম ভবিষ্যৎজ্ঞেয় বিষয় নহে, বর্তমানে স্থির কর্তব্য-বিষয়, অবশ্য নিজেব কাছে। সুতরাং যে ঘটনা নব-কর্মেব উপব নির্ভর কবে, সে স্থলে সেই ব্যক্তিব কাছে ঐরূপপ্রকাবে ত্রিকালজ্ঞানের নিয়মেব বাস্তব হয়। তজ্জন্ত স্বেচ্ছাধা কৈবল্য মোক্ষ কোন পুরুষেব নিজেব কাছে ভবিষ্যৎরূপে প্রদিত হইতে পারে না। অন্য পুরুষ অবশ্য নিশ্চয় কবিত্তে পাবে। জীব-কাবণ হইতে জীব-কাব্য হইবে, তজ্জন্য কার্য-কারণ-পৰম্পরা-ক্রমে অতীত সাঙ্গাৎ কবিত্তে যাইয়া যোগিগণ কখনও সংসারেব অভাব বা আদিত্তে যাইতে পারেন না। তজ্জন্য সংসার অনাদি।

১২। সনাতন সিদ্ধির দ্বারা জ্ঞান যেমন অব্যাহত হয়, ক্রিয়াশক্তিও সেই-রূপ অব্যাহত হয়। সাধাবণ অবস্থায় দেখা যায়, ভূমি ইচ্ছা করিলে, আব

অমনি তোমার হাত উঠিল। ইহা যদি হিরণ্যিষ্ঠে পর্য্যালোচনা কর, তাহা হইলে আশ্চর্য্য হইবে যে, ইচ্ছা কিরূপে তোমার ও সের ভারী হাতের তুলিল। একটু হঠাৎ দেখিলে জানিতে পারা যায় যে, হস্তের উত্তোলন বস্তুর মর্শ্বদেশে থাকিয়া ইচ্ছা কোন অজ্ঞাতপ্রকারে হস্তকে তোলে। বহু সের জড়তত্ত্বসহ ভাববত্বাদি সাধারণ ধর্ম্ম যুক্ত নাত্র অথবা অজ্ঞেয়, তাহাদের নিকট ইহা অসাধ্য সমস্ত। আমরা সাংখ্যসিদ্ধান্তে দেখিয়াছি যে ইচ্ছা যে জাতীয়, বাহ্য 'জড় ও সেই জাতীয়', একপ্রকার জ্বলের একটা ভাবপ্রণয় ও একটা গ্রাহ। কঠিন কোমল প্রভৃতি সমস্ত জড়ধর্ম্ম এক একপ্রকার লোম মর্শ্ব, বোধগণ্য আনিয়ের এক একপ্রকার বাহ্যিক উদ্বেক মাত্র, অতএব বাহ্যিক প্রকার উদ্ভিক্ত অভিমান আছে, যাহা আনান অভিমানকে উদ্ভিক্ত করে। 'স্বতবা' সেই বাহ্য অভিমান-জ্বলের ভিন্ন ভিন্নপ্রকার উদ্বেক হইতে কঠিন কোমলাদি ধর্ম্ম উদ্ভূত হয়। বাহ্য বা সূতানি অভিমানের ভিন্ন ভিন্ন প্রকারের চাক্ষুর্গ্রাহ নানা প্রকার বাহ্যধর্ম্মের স্বরূপ •। আনাদের কবণশক্তিরূপ অতি

• আধুনিক বৈজ্ঞানিকগণ ধীরে ধীরে ক্রমশঃ প্রাচীন দার্শনিকগণ কর্তৃক বিবৃত বহু তত্ত্বের নিবটবর্ত্তা হইতেছেন। Nicola Tesla নামক প্রসিদ্ধ বৈজ্ঞানিকের নিম্নোক্ত উক্তি হইতে উহা স্পষ্ট বুঝা যায়। 'According to the adopted theory first clearly formulated by Lord Kelvin all matter is composed of a primary substance of inconceivable tenacity vaguely designated by the word ether. The atom of an elementary body is differentiated from the rest of the substance, which fills all space by movement as a small whirl of water would be in a calm lake. All matter then is merely whirling ether. By being set in movement ether becomes matter perceptible to our senses. The movement arrested the primary substance reverts to its normal state and becomes imperceptible.' This theory of the constitution of matter is not merely a beautiful conception, which in its essence is contained in the old philosophy of the Vedas but a physical truth. Then, if ether whirl be shattered by impact or slowed down and arrested by cold, any material whatever it be would vanish into seeming nothingness and conversely if the ether be set in movement by some force, matter would again form. Thus by the help of a refrigerating machine

দ্বারা অভিহিত হইয়া বোধ উৎপাদন করে, এবং যাহা প্রবর্তক, তাহা নিয়তই সেই বাহ্য চাক্ষুশ্যে উপসংক্রান্ত বা মিলিত হইতেছে। সেই মিলিত বা উপসংক্রান্ত অবস্থাই ধারক অভিমান। ইহারাই প্রখ্যা, প্রবৃত্তি ও স্থিতি নামক অন্তঃকরণের মূল দশমভ্রম। সাধারণ অবস্থায় আনাদের শরীর-স্মিরায়ক অভিমান সঙ্গীর্ণ এক ভাবে বাহ্যের সহিত মিলিত। অর্থাৎ আনাদের শরীরকে ধারণ, চালন ও শরীর সন্নিহিত বিষয়ের গ্রহণ, এই কথ-প্রকারেব সঙ্গীর্ণ ভাবনাত্রেই অবস্থিত। মেন্সেরিজন্, স্লেয়ার্ভায়ল, পরচিত্তজ্ঞতা (Thought reading) নামক ক্ষুদ্র সিদ্ধিতে অপবের শরীর-স্বৈচ্ছাপূর্নক চালন ও অসাধারণ গ্রহণ প্রভৃতি হয় \*। মহাভাবতের বিপুলো-পাখ্যানে আছে, বিপুল স্বীয় গুরুপত্নীকে আবিষ্ট করিয়া তাহার মুখ দ্বারা নিজ কথা বলাইয়াছিলেন। পূর্বে দেখান হইয়াছে, সনাধি-বলে ইন্দ্রিয়-শক্তি সকলকে সম্পূর্ণরূপে স্থল-শরীর নিয়মেণে করা যায় এবং যথেষ্ট নিয়োজিত করা যায়। এখন যেমন কেবলমাত্র শবীরের চালক যন্ত্রকে চালন করিতে পারা যায়, তখন সমস্ত জব্যকেই সেইরূপে চালিত করা যাইবে। এই সিদ্ধি বাহ্যসম্বন্ধে প্রধানতঃ হুইপ্রকার, ভূতবশিষ্ট ও তমাত্রবশিষ্ট। নীল-পীতাদি ভূতগুণের উপর আধিপত্য, বদ্বাধা জব্যের আকারাদি ও কাঠিগাদি ধর্ম পথিবত্তিত করা যায়, তাহা মহাভূতবশিষ্ট (এবং ভৌতিক-বশিষ্ট)। আর যাহা দ্বারা নীলকে পীত বা পীতকে রক্ত ইত্যাদিরূপে পরিবর্তন করা যায়, তাহা তমাত্রবশিষ্ট। অলৌকিক শক্তির চরম প্রকৃতিবশিষ্ট, তদ্বারা ভূত ও ইন্দ্রিয়কে যথেষ্টরূপ-প্রকৃতি করিয়া নির্মাণ করা যায়। এক্ষণে একটা উদাহরণ প্রদর্শন করা যাউক। যোগস্থলে আছে, (সনাধির দ্বারা) উদান জয় করিলে শরীর লঘু হয়। গ্রহমধ্যে ও সাংখ্যীয় প্রাণতবে প্রদর্শিত

\* Miss Chandos Leigh Hunt ও বাঃ Animal Magnetism-সম্বন্ধীয় দৃশ্যপট  
এ দুই বিখ্যাত পিরা হন যে, Baron Du Potet নামক অনাধাণে মেসমেরিক-শক্তি সম্পন্ন  
একজন ফরাসির কথন কখন একপ্রপ শক্তি প্রাপ্ত হইত হইত যে, তিনি কোন দরদা পুস্তিকার  
ইচ্ছা করিলে দরদা আপনি পুস্তিকা খাইত। একজন দাস্ত্রাবী প্রাক্তপেও ইচ্ছাপূর্নক  
যদিও যোগ্যক হির করিয়া দিবর বা কোন জব্যকে পুনঃস্থিত করিবার ক্ষমতা ছিল।  
ইং একজন সেনারও শিপিষক করিয়া গিয়াছেন। অতএব সাধারণ অবস্থায় কখন  
কখন মিত শরীরের পর শরীর বা 'দ্য' অবস্থায় ইচ্ছাধীন কথা দায়।

হইয়াছে যে, উদান শরীরের ধাতুমধ্যস্থ বোধজনক । বোধ সকল শরীরের সর্লক্ষ্যন হইতে উদ্ভিত হইয়া উর্দ্ধে নস্তিকস্থ বোধ-স্থানে বাইতেছে । অতএব উদান ধ্যান করিতে হইলে সর্লক্ষ্যবীরের অন্তঃস্থল হইতে এক ধারা উর্দ্ধে বাইতেছে, এইরূপ বোধ করিতে হয় । সর্লক্ষ্যবীরব্যাপী সেই উর্দ্ধধারা ভাবনাতে সমাহিত হইলে অভিনান শক্তি শবীর-ধাতুতে উপ-সংক্রান্ত হইয়া তাহাদের (পূর্ল প্রকৃতি অভিত্ত কবিয়া) প্রকৃতি পরিবর্তন করিয়া শরীরকে উখানশীল-প্রকৃতি বা লঘু করে । অর্থাৎ শবীর ধাতুব পৃথিবীর অভিমুখে গমনরূপ যে ক্রিয়া আছে, উর্দ্ধাভিমুখ-ক্রিয়াশীল অভিনানেব উপসংক্রান্তিব দ্বারা তাহা অভিত্ত ও অবিনীকৃত হয়, তাহাতেই শরীর লঘু হয় \* ।

। স্রগতের সমস্ত ধর্মই অলৌকিক জ্ঞান ও শক্তির উপর প্রতিষ্ঠিত । সনাতন ধর্মের ত কথাই নাই । বৌদ্ধধর্মের প্রসারও অলৌকিক শক্তি-প্রদর্শনে সাধিত হইয়াছিল । ঋতিল-কান্তপ, বিশ্বসার-রাজা প্রভৃতির পরিবর্তন অলৌকিক শক্তি-প্রদর্শন করিয়া সাধিত হইয়াছিল । খৃষ্টান মুনগনানাদি ধর্মের প্রবর্তকগণ অলৌকিক শক্তি-প্রদর্শন করিয়া অল্পচর-সংগ্রহ করিয়াছেন । সর্লক্ষ্যপ্রসিক সেই অলৌকিক শক্তি-ক্রমে হয় ও কেন হয়, তাহা যোগশাস্ত্রে ভগবান্ পতঞ্জলি সম্যক গুক্তিপূর্লক বগিয়া গিয়াছেন । সেই বিস্তৃত বিষয়ের সমস্ত তব এই সূত্র-গ্রহ মধ্যে বলা সম্ভবপর নহে । ইহা পাঠ করিয়া পাঠকের জিজানা উদ্দীপিত হইলে তিনি যদি যোগশাস্ত্রের সূত্রীর অলোচনা করেন, তবে তাঁহার সমস্ত তবই বিদিত হইবে ।

• ষাংহায়া সূপ্তোক্তে "Eddies in ether"-পর্ল্যস্ত বাক্যতঃ কল্পনা করিতে পারেন, তাঁহাদের এ বিষয় বুঝা তত কষ্টের হইবে না । শরীরের রক্ত মাংসাদি সমস্তই বিশেষ বিশেষপ্রকার "Eddies in ether", তাহারা বর্তমানে আনাদের শক্তি বিশেষের দ্বারা বিদ্যুত হইয়া রহিয়াছে । সেই বিদ্যারণ-শক্তি সাধারণ অবস্থায় একমাত্রভাবে সেই "Eddies in ether"এর উপর প্রযুক্ত রহিয়াছে । Etherএর ক্রিয়া সম্যক রুহ করিলে সাংক্রম্য অন্ত হইয়া বাইবে, আর সেই ক্রিয়া বিশেষপ্রকারে রুহ অথবা উত্তীত করিলে অথ্য লঘু বা তরু বা পারবর্লিত হইয়া বাইবে । অতএব সাংক্রম্য ও অব্যাহত শক্তির দ্বারা রক্ত মাংস-বিধগ "Eddies in ether"কে লঘু তাপনা-পূর্লক আরের কবিলে শরীর লঘু হইতে পারিবে । সাংক্রম্য নিদ্বিত্তেও এই কারণ কখন কখন শরীর লঘু হয় ।

মানবের ইতিহাস পর্যালোচনা করিলে দেখা যায় যে, সর্কাপেক্ষা প্রাচীন সাংখ্যমত্ব হইতে সর্ক জগৎ শ্রেষ্ঠ ধর্মনীতি প্রাপ্ত হইয়াছে । অসাধারণ শক্তি-শালী পুরুষে বিদ্যাস অতি প্রাচীন কাল হইতে মানব-মনাজে প্রচলিত আছে । তাঁহার স্বরূপতত্ত্ব-নির্ঘের জন্ত আদৌ সাংখ্যগণী সুনর্ভিত্তি যুক্তি অবলম্বন কবেন । সাধারণ লোকে দৈবের ও জগৎকারণের প্রকৃত, তত্ত্ব কিছই ধাব ধারে না । কেবল মতায় বিদ্যাস ও অত্যক্ষুট জ্ঞান পুরুক কতকগুলি ধর্মনীতির আচরণ করে । সর্কজনীন মৈত্রী, কুরুগা, মুদির্তা এং অপকৃত হইয়াও দ্রোহতাণ (উপেক্ষা) প্রভৃতি শ্রেষ্ঠনীতি সকল আদৌ সাংখ্য-গণ বা মুমুকু ঋবিগণ আচরণ কবিতেন । কিন্তু তাহূশ নীতিব পূর্ণাচরণ না করিলে কৈবল্যের সম্ভাবনা মোটেই থাকে না । পরবর্তী বৌদ্ধধর্মও সাংখ্যের উপর স্থাপিত । জিপিটকের আদিম ধর্মনীতি পর্যালোচনা করিলে সাংখ্যীয় কৈবল্য সাধনের সহিত কোনও পার্থক্য লক্ষিত হয় না । অর্থ-ঘোষাদি পরাচীন গ্রন্থকারগণ বোধিসত্ত্বের মুখে অবশু নিজ নিজ মতই বলাইয়াছেন । বুদ্ধদেব প্রধানতঃ কিরূপে শাস্তি হয়, তাহারই উপদেশ কবিয়া গিয়াছিলেন, আত্মিকিকী বা Metaphysics সম্বন্ধে কিছই বলেন নাই । বস্তুতঃ বুদ্ধদেব সাংখ্যমত্বকে সাধারণ গোচর কবিয়া গিয়াছেন । সাধারণের জন্ত আত্মিকিকী বিদ্যার অবতারণা মোটেই উপযোগী নহে । বেমন অধুনা জন কালে শিষ্ণগণ অবতার নিম্মাণ করে ও সর্কাপেক্ষা স্বকীয় গুরুর শ্রেষ্ঠত্ব ও বৈশিষ্ট্য প্রতিপাদন করে, পরবর্তী বৌদ্ধগণও সেইরূপ কবিয়া গিয়াছেন ও পবম্পব বিবাদ কব্রিয়া নানা দর্শনের সৃষ্টি কবিয়া গিয়াছেন । কার্য্যকারণ-পরম্পরায় জগতের উদ্ভব-লয়, কাম, সংহতি, বাহুব হুঃখাধিক্য, চিন্তনিরোধ (“নির্লিকার্য্য সূত্রে বেরমচিন্ততা” প্রজ্ঞা-পারমিতা), কৈবল্য এং তত্ত্বজ্ঞান নৈত্র্যাদি সাধন ও সম্পূর্ণ আত্মসংযম প্রভৃতি মূল বিষয়ে বৌদ্ধ-ধর্ম পূর্বতন সাংখ্যের (এং ওপনিষদ ধর্মের) নিকট স্থণী । গ্রীকগণের ও বৌদ্ধ মূতগণের দ্বারা পাম্চাত্তা দেশে শ্রেষ্ঠতম ধর্মনীতি সকল প্রসারিত হয় । মহারাষ্ট্র অশোকের শিলালিপিতে আছে, তিনি ‘অতিথোক’-নামক যোন বা গ্রীক মন্ত্রণত্রির নিকট (ধর্ম-সম্বন্ধীয়) মূত প্রেরণ কবিতেন । অতিথোক বা Antiochus সিরিয়া দেশের অধিপ ছিলেন । আলেক্-সান্ডারের সেনানী সিদিউকস নিকটের সিরিয়ার রাষ্ট্রস্থাপন কবেন । তাহার

সংস্কৃত "অস্তিত্বশোক" অশোকের সমমানমিতিক (খৃঃ পূঃ ২৪৩) ছিলেন। এইরূপে ভারতীয় ধর্মনীতি এশিয়া মাইনর দেশে প্রচারিত হয় ও পরে খৃষ্টকর্তৃক সেমিটিক-জাতীয়দের প্রাচীন ধর্ম সুসংস্কৃত হয়। খৃষ্টকর্তৃক বে সংস্কার হয়, তাহাতে নৈত্র্যাদি শ্রেষ্ঠ ধর্মনীতি এবং ভগবৎপ্রেম বা Devotion এই দুই বিশেষ। কিন্তু ঐ দুই খৃষ্টের নবোদ্ভাবিত নহে, পূর্বেই ভারত হইতে গিয়াছিল। বস্তুতঃ ধর্মপ্রবর্তনিতাগণ প্রায়ই নূতন কিছু উদ্ভব করিয়া যান না, কিন্তু বর্তমান ধর্মনীতির সন্যকৃ আচরণ করিয়াই অসাধারণ লাভ করেন ; ইহা সম্প্রদায়গণের অরণ সাধা কর্তব্য। সন্যাসির অসাধারণ শক্তির বিষয়ও খৃষ্ট অবগত ছিলেন। "যদি তোমার সর্বপের ত্রায় অভ্যস্ত মাত্রও 'কেথ' থাকে, তবে তুমি যদি পর্ত্তকে সরিতে বল, তবে তাহা সরিবে," খৃষ্টের এই উক্তি এবং তাঁহার অলৌকিক-শক্তি-প্রদর্শন হইতে ইহা জানা যায়। S. Beal চৈনীয় বুদ্ধচরিতের অনুবাদগ্রন্থে বলিয়াছেন, জীঠানগণ বাহাকে 'কেথ' বলে, তাহাকে বৌদ্ধগণ সন্যাসি বলে। অতএব জগতের সমস্ত প্রধান ধর্মসম্প্রদায় সমস্ত গুরুতর বিষয়ে প্রাচীন সাংখ্য ও যোগের নিকট স্থগী।

## তত্ত্বসাধনের বিশ্লেষ ও সমবায় প্রক্রিয়া ।

### (অমুলোম ও বিলোম প্রণালীর যুক্তি ।)

১৪। সাংখ্যতত্ত্বালোক গ্রন্থে সংক্ষেপে তত্ত্ব সকল প্রতিপাদিত হইয়াছে। তাহাতে বিশ্লেষ ও সমবায় প্রণালীর যুক্তি (Analytical and Synthetical Method) একত্র মিলাইয়া উপপাদিত হইয়াছে। পাঠকগণের বোধ-নৌকর্বার্থ এখানে সংক্ষেপে পৃথকরূপে ঐ দুই প্রণালীর দ্বারা তত্ত্ব সকল উপপন্ন করিয়া দেখান বাইতেছে।

### অমুলোম বা বিশ্লেষপ্রণালী (ANALYSIS) ।

১৫। ধাতু, পান্য, জল, বাতাস প্রভৃতির নাম ভৌতিক দ্রব্য। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ, এই পাঁচটা গুণপুরুষের আনন্দা ভৌতিক দ্রব্য জাত হই। যদিও ক্রিয়া ও জড়তা নামক অপর দুইপ্রকারের ধর্ম ভৌতিক দ্রব্যে পাওয়া যায়, তথাপি তাহারা শব্দাদি-ধর্মের অঙ্গতভাবেই বুদ্ধ হয়।

ধর্মশূত্র কোন বাহ্যদ্রব্য কল্পনীয় হইতে পারে না। অতএব আপাততঃ বাহ্যক্রিয়ার আশ্রয়ীভূত পদার্থকে অজ্ঞেয় বা অকল্পনীয় বলিতে হইবে। পরে উহার স্বরূপ নিরূপণীয় (১১৭ পৃষ্ঠ দ্রষ্টব্য)।

১৭। বাহার দ্বারা আনন্দের বাহ্যদ্রব্য ব্যবহার করি, তাহার নাম বাহ্য-করণ। তাহার ত্রিবিধ; জ্ঞানেন্দ্রিয়, কশ্মেন্দ্রিয় ও শ্রোণ। জ্ঞানেন্দ্রিয়ের দ্বারা জ্ঞেয়রূপে, কশ্মেন্দ্রিয়ের দ্বারা কাব্যরূপে ও শ্রোণ সকলের দ্বারা ধার্য্য-রূপে বাহ্যদ্রব্য ব্যবহৃত হয়। জ্ঞানেন্দ্রিয় পঞ্চ—কর্ণ, দৃষ্, চক্ষু, বদনা, নাসা। কশ্মেন্দ্রিয় পঞ্চ—বাকু, পানি, পাদ, পায়ু, উপহৃ। শ্রোণও পঞ্চ, যথা—শ্রোণ, উদান, ব্যান, অপান ও সনান। জ্ঞানেন্দ্রিয়ের শব্দাদি বিষয়ের নাম জ্ঞেয়-বিষয়। কাব্যাদি বিষয়ের নাম কাব্য-বিষয়। বাহ্যোদ্ভব বোধার্থিষ্ঠানাদি পঞ্চ শারীরাত্মগণ শ্রোণের ধার্য্য-বিষয় (৪৯ পৃষ্ঠ দ্রষ্টব্য)।

১৮। বাহ্য করণ ব্যতীত আরও একপ্রকার করণ পাওয়া যায়। তাহা বাহ্যের সহিত সাক্ষাৎভাবে সম্বন্ধ নহে। তাহা অভ্যন্তরে থাকিয়া বাহ্য-করণগার্হিত বিষয় ব্যবহার করে। যেমন চিন্তা, উহা অন্তরেই কৃত হয়, কিন্তু বাহ্য-করণগার্হিত গো-ঘটাদি বিষয় নইয়াই কৃত হয়। বাহ্য-বিষয় ব্যবহার-কারি সেই আন্তর করণের নাম চিন্ত। চিত্ত নিয়তই পরিণত হইয়া যাইতেছে। সেই এক একটা চিত্ত-পরিণামের নাম বৃত্তি। অতএব চিত্ত বৃত্তিসকলের সমষ্টিরূপ হইল। চিত্তের বৃত্তি সকল দুই-প্রকার, শক্তি-বৃত্তি ও অবস্থা-বৃত্তি। বাহার দ্বারা জিয়া হয়, তাহার নাম শক্তি বৃত্তি, আর জিয়াকালে যে ভাবে চিত্তের অবস্থান হয়, তাহার নাম অবস্থা-বৃত্তি। প্রমাণাদি পঞ্চপ্রকার মূল শক্তি-বৃত্তি আছে (তাহাদের ভেদ ও লক্ষণ ২৩৩৫ পৃঃ দ্রষ্টব্য)। অপর সমস্ত বৃত্তিই তাহাদের অন্তর্গত। তাহার যথা—প্রমাণ, অমৃতভব, চেষ্টা, বিকল্প ও বৃত্তি। অবস্থা-বৃত্তি যথা—স্বপ, হৃৎ, মোহ; রাগ, ঘেব, অভিভিবেশ, জাগ্রৎ, স্বপ্ন, নিদ্রা (৩৬৩৭ পৃষ্ঠ দ্রষ্টব্য)।

১৯। চিত্ত ও সমস্ত বাহ্য-করণের মধ্যে প্রখ্যা, প্রযুক্তি ও স্থিতি অথবা বোধ, জিয়া ও বৃত্তি (বারণবৃত্তি) সাধারণরূপে প্রাপ্ত হওয়া যায়। যে কোন করণবৃত্তি বা চিত্তবৃত্তি দেখ, তাহাতে একরকম না একরকম বোধ, জিয়া ও বৃত্তি পাইবে। অতএব ভিন্ন ভিন্ন করণ ও চিত্তবৃত্তি সকল সেই প্রখ্যা, প্রযুক্তি ও স্থিতির ভিন্ন ভিন্নপ্রকার সংযোগস্বয় হইল। বোধ, জিয়া ও



ধারণশক্তি আসে। প্রকাশ, ক্রিয়া ও স্থিতি ছাড়া বুদ্ধি হইতে প্রাণ পর্য্যন্ত সমস্ত করণশক্তিতে আর কিছুই পাওয়া যায় না।

২০। অন্তঃকরণের বৃত্তি সকল দেশব্যাপী নহে, তাহার কালব্যাপী। ইচ্ছা ক্রোধাদির দৈর্ঘ্য প্রস্থাদি নাই, তাহার কতককাল ব্যাগিয়া চিন্তে থাকে মাত্র। বাহ্যক্রিয়া যেমন দেশান্তর প্রাপ্যমানতা, আন্তরক্রিয়া সেইরূপ কালান্তর-প্রাপ্যমানতা, অর্থাৎ অন্তঃকরণের ক্রিয়াকালে বৃত্তি সকল পর পর কালে অবস্থিত হয়, পর পর দেশে নহে। অতএব কালব্যাপী ক্রিয়া অন্তঃকরণের ধর্ম হইল, দেশব্যাপী ক্রিয়া বাহ্যদ্রব্যের ধর্ম হইল।

আমরা পূর্বে দেখাইয়াছি যে, বাহ্যদ্রব্য (ভূত ও তন্মাত্র) বিশ্লেষ করিয়া রূপ রসাদিশূন্য এক মূলাধার পদার্থের ক্রিয়ামাত্র পাই, যে ক্রিয়া ইন্দ্রিয়গণকে উদ্ভিক্ত করিলে রূপরসাদি জ্ঞান হয়। রূপ রসাদি ব্যতীত বিস্তারজ্ঞান থাকিতে পারে না। বিস্তার ও রূপাদি জ্ঞান অবিভাজ্য, অর্থাৎ একটা থাকিলে আর একটা থাকিবে, একটা না থাকিলে আর একটা থাকিবে না। বাহ্যদ্রব্যের মূলভাব রূপরসাদিশূন্য, সুতরাং বিস্তারশূন্য, কিন্তু তাহা ক্রিয়ামূল্য। অতএব বাহ্যমূল-দ্রব্য বিস্তারশূন্য অথচ ক্রিয়ামূল্য পদার্থ হইল। উপরে সিদ্ধ হইয়াছে যে, অন্তঃকরণদ্রব্যেই বিস্তারশূন্য ক্রিয়া সম্ভব হয়। অতএব বাহ্যের মূলভাব অন্তঃকরণজাতীয় পদার্থ হইল। সেই বাহ্য জগতের মূলাধার অন্তঃকরণ যে পুরুষের, তাঁহাব নাম বিরাট পুরুষ। (৬১ পৃষ্ঠ ও ৬৭।২০৯ পৃষ্ঠ দ্রষ্টব্য।)

ইন্দ্রিয়রূপে পরিণত অন্তঃকরণের ক্রিয়া হইতে জ্ঞান হয়। শব্দাদি বাহ্যক্রিয়ার দ্বারা ইন্দ্রিয়ক্রিয়া উদ্ভিক্ত হয়। সজাতীয় বস্তুই পরস্পরের উপর ক্রিয়া করিতে পারে, তজ্জন্ম বাহ্যমূল অন্তঃকরণজাতীয় হইল। অন্তঃকরণ ত্রিগুণাত্মক, অতএব বাহ্যদ্রব্য (বাহ্য মূলতঃ গ্রাহ্যতাপন্ন বৈরাগ্যান্তঃকরণের উপর বিবর্তিত) এবং আত্মর ভাব সকল, সমস্তই মূলতঃ ত্রিগুণাত্মক বলিয়া সিদ্ধ হইল।

২১। বুদ্ধ্যামিতে গুণ সকলের বৈষম্য বা নূনান্বিকরূপে সংযোগ প্রদর্শিত হইয়াছে। বোধ অর্থে ক্রিয়ার দ্বারা অন্তঃকরণের জাড্যতা বা

যে অন্তঃকরণ, তাহার এই অব্যক্তাবস্থার নাম প্রকৃতি । গুণের নাম্য ও তদান্বয় অন্তঃকরণ-লয় দুইপ্রকারে হন ; (১) নিবোধ-সমাধি-বলে ও (২) গ্রাহ-লয়ে (৬৬ পৃষ্ঠ দ্রষ্টব্য) । ভাবপদার্থের অভাব অজ্ঞাত্য বলিয়া এই অব্যক্তা প্রকৃতি অভাবরূপ নহে । অতএব বাহ্য ও অধ্যাত্ম ভাবেব অব্যক্তরূপ চরম সূক্ষ্ম অবস্থা সিদ্ধ হইল ।

২২। পূর্বে ব্যক্তভাবেব মধ্যে আনিদ্যভাবে যে প্রধান, তাহা উপপাদিত হইয়াছে । অন্তরে প্রতিনিয়ত যে পর পব বোধবৃত্তি সকল উঠিতেছে, তাহাদের সকলের সহিত একস্বরূপ বোদ্ধ-প্রত্যয় সমুদ্রিত থাকে । কারণ বোদ্ধা 'আনিদ্য' বাতীত বিষয়-বোধ অসম্ভব । বোদ্ধ-ভাবেব মধ্যে দুই-প্রকার বোধ পাওয়া যায়, এক অনান্দ্যবোধ, আর এক আনন্দ্যবোধ । অনান্দ্য-বৈবয়িক ক্রিয়ার দ্বারা উদ্ভিক্ত হইয়া বৃত্তিপ্রবাহরূপ যে পরিণম্যানান বোধ বা জ্ঞানবৃত্তি হয়, তাহা অনান্দ্যবোধ । আর অনান্দ্যক্রিয়াব সহিত সংযোগ না থাকিলে (গুণসাম্যে) বোধের যে স্বরূপে অবস্থান বা স্বরূপবোধ, তাহাই আনন্দ্যবোধ, বা স্বপ্রকাশ, বা চৈতন্য, বা চিতি-শক্তি, বা চিৎ । যদি বল,

নিরনিধিত সৃষ্টান্তের দ্বারা সাংখ্যী-তত্ত্ব বিভাগ-প্রণালী মূলরূপে বুঝা যাইবে । মনে কর, একটি পুঙ্ক হুচিক্রিত বস্ত্র । তাহার তত্ত্ব একরূপে বিশ্লেষণীয়, যথা—প্রথমতঃ তাহাতে যে নানাধিধ চিত্র রহিয়াছে, তাহা মূলতঃ রত্ন, পুষ্প, অক্ষর, গজ ও লতা স্বরূপ ; তদ্ব্যতীত কতকগুলিতে কৃষ্ণবর্ণের আধিক্য, কতকগুলিতে রক্তের, কতকে যেতের আধিক্য । সেইরূপ আনন্দ্যের যতপ্রকার শক্তি আছে, তাহা অংশে বাহ্য হইতে বিভাগ করিয়া দেখিলে দেখিতে পাই, তাহার তিনপ্রকার ; জ্ঞানেন্দ্রিয়, কল্পেন্দ্রিয় ও গ্রাহ—প্রকাশ-ধিক, ক্রিয়াধিক ও স্থিত্যধিক । আবার বেধি, তাহার কলাদিয় দ্বায় এতৎকৈ পঞ্চ পঞ্চ-প্রকার । বস্ত্রের ফল পুষ্পাদিকে বিভাগ করিয়া দেখিলে বেধি যে, তাহার কতকগুলি সূত্রের (টানা ও গড়েন) বিশেষ বিশেষপ্রকার সংস্থান-ভেদ মাত্র । সূত্রগুলিকে বিভাগ করিলে দেখা যায়, তাহার কতক বেধী যেত, কতক বেধী রক্ত ও কতক বেধী কৃষ্ণ । পুনশ্চ তাহার আবার তিন তার, সেই তিন তার আবার তিন বর্ণের, যেত, রক্ত ও কৃষ্ণ । তত্ত্বের দিকে দেখিলে দেখা যায়, বাহ্য করণগণ সেইরূপ অন্তঃকরণতত্ত্বের বিশেষ বিশেষ পরিণাম বা সংস্থান ভেদ মাত্র । অন্তঃকরণতত্ত্বের আবার বুদ্ধি সত্বাধিক, অহং রজোহধিক এবং ননঃ তমোহধিক । কিং বুদ্ধি, অহং ও ননঃ এই তিনে যেত, কৃষ্ণ ও রক্ত এই মূল ত্রিদ্বিতীয় সূত্রের দ্বায় মূলতঃ সত্ব, রজঃ ও তমোগুণ রহিয়াছে । যেত, রক্ত ও কৃষ্ণ সূত্র যেমন সেই চিত্র-বিত্তিত বস্ত্রের মূল উপাদান, সেইরূপ গুণতত্ত্বও সন্যত করণের মূল উপাদান ।

পানে একই বোধ বাহুজ্ঞান-কালে পবিচ্ছিন্ন হয় ও বাহুজ্ঞান রহিত হইলে  
 অপরচ্ছিন্ন হয়, অতএব স্বায়বোধ জ্ঞাত ও পরিণামী হইল। নিম্নদিক্ হইতে  
 চিত্তশক্তিকে দেখিতে গেলে ঐরূপ (অর্থাৎ বৃত্তিসাক্ষ্য) দেখা যায় বটে,  
 কিন্তু প্রকৃত পক্ষে তাহা নহে। বৃত্তিবোধ ও স্বায়বোধ স্বতন্ত্র ভাব।  
 স্বায়বোধ বা নিজেকেই নিজে জানা কখন পক্ষে জানা হইতে পারে না,  
 বা পরকে জানা ভাব কখনও নিজকে জানা হইতে পারে না। অতএব  
 স্বায়বোধ বা পুরুষ এবং বৃত্তিবোধ বা বুদ্ধি একরূপে প্রতীয়মান বিভিন্ন  
 পদার্থ (পুরুষ তত্ত্বের বিশেষ বিবরণ - ১০ পৃ: দ্রষ্টব্য)। এইরূপে বাহু ও আন্তর  
 সমস্ত পদার্থ বিশ্লেষ করিয়া ছই চরম পদার্থে উপনীত হওয়া যায়, এক—  
 পুরুষ, বাহা আমিরের প্রকৃত স্বরূপ, আর এক—প্রকৃতি বা অনাস্ত্রভাবের  
 চরম স্বরূপ। অব্যক্ত ভাব পুনশ্চ বিশ্লেষযোগ্য নহে এবং স্বায়বোধও নহে,  
 অতএব তাহাদেয় আর কাষণ নাই। যাহার কারণ নাই, তাহা অনাদি  
 ও নিত্য বর্তমান পদার্থ। বিশ্লেষপ্রণালীর দ্বারা এইরূপে ছই নিষ্কাষণ নিত্য  
 পদার্থ সঙ্গভাবের মূলস্বরূপ বলিয়া সিদ্ধ হইল।

### বিশালাম বা সমন্বয়প্রণালী (SYNTHESIS) ।

২৩। অতঃপর সমন্বয়প্রণালীর দ্বারা অর্থাৎ পুনোপপন্ন পুরুষ ও প্রকৃতি  
 হইতে কিরূপে সমস্ত আন্তর ও বাহু ভাব উৎপন্ন হয়, তাহা বিচারিত হই

এইরূপ প্রত্যয় হইত এবং সেই পাও পূর্বে অভাবে যদি খাটের 'আমির' নাম হইত,  
 তাহা হইল পূর্ন নিয়ম বাধিত হইত। কামনিক উদাহরণের দ্বারা ঐমিত নিয়মের  
 অসমর্থ হইতে পারে না। এইরূপ অস্বপ্নের কথন সকলের অতিরিক্ত, প্রত্যয় করণের  
 লয়ে তাহার সঙ্গাহানি হয় না, ইহা সিদ্ধ হইল।

এতদপেক্ষা সাধনের নিক হইতে পুরুষ সিদ্ধ করিয়া বুঝা সরল ও বৃন্দিত্য কাঙ্ক্ষক।  
 চিত্তের ইচ্ছা হইলে যে কোন আন্তর বা বাহু বোধ অবলম্বন করিয়া থাকি যায় (২০ পৃষ্ঠ)।  
 তখন মাল রূপ অবলম্বন করিয়া ধ্যান করিলে কেবলমাত্র জাজ্ঞান্যমান মালরূপ রূপে  
 আছে বলিয়া প্রতীতি হইতে পারে। সেইরূপ অন্তরে অন্তরে বিশেষরূপে স্থিরচিত্তের দ্বারা  
 বিচার করিয়া 'আমির প্রত্যয়মাত্র অবলম্বন করিয়া সমাহিত হইলে কেবল যে জাজ্ঞান্যমান  
 'আমির প্রত্যয়মাত্র থাকিবে তাহাই পৌলম্য বোধ। বসিতে পার না, তখন কিছুই  
 থাকিবে না কারণ শূন্যাবলম্বন করিয়া ধ্যান প্রবর্তিত হয় মই আমিরাবলম্বন করিয়াই করা  
 হইয়াছিল। চিত্ত কথঞ্চিদ স্থির করিতে পবিয়া এইরূপ ভাবনা করিলে ইহা সিদ্ধ হয়।

তেছে। প্রত্যেক জীবেরই প্রকৃতি ও পুরুষের সংযুক্ত ভাব দেখা যায়, কারণ তদ্ব্যতীত জীবের হইতেই পারে না। প্রকৃতি ও পুরুষ অনাদি-বিদ্যানান্দনার্থ বলিয়া সেই সংযোগভাবও অনাদি। পুরুষখ্যাতি বা স্বায়ত্ত্ববোধ-ভাবে অবস্থান করিলে সংযোগোৎপন্ন করণাদি বিণীন হয়। আর করণগণ, ব্যক্তভাবে ক্রিয়ামূল, থাকিলে (অর্থাৎ সংযোগাবস্থায়) পুরুষের বৃত্তিসারূপ্য-প্রতীতি হয়। পুরুষখ্যাতি হইলে সংযোগের অভাব এবং পুরুষের অখ্যাতি অর্থাৎ বৃত্তিসারূপ্যরূপ অযথাখ্যাতি থাকিলে সংযোগ ও তৎক্রিয়া দেখা যায় বলিয়া সেই পুরুষের অযথাখ্যাতি বা বিপরীত জ্ঞান বা অবিদ্যাই সংযোগের হেতু বলিতে হইবে। সংযোগ যেমন অনাদি, সেইরূপ অবিদ্যাও অনাদি। সংযোগ অনাদি বলিয়া তজ্জনিত জীবভাব (কর্মাণি অমুখ্যেই সহিত) অনাদি। “ধর্ম্মী সকলের অনাদি সংযোগ হেতু ধর্ম্মমাত্রেরও অনাদি-সংযোগ আছে,” মহানুনি পঞ্চশিখাচার্য্য এ বিষয়ে এই যুক্তি প্রদর্শন করিয়াছেন। অতএব অনাদি করণ সকলের লয় ও উৎপত্তি কেবল অতিভব ও প্রাহর্ভাব মাত্র। শৌপবন ঋতিতে আছে—“অবিনষ্টা এব বিলীয়ন্তে, অবিনষ্টা এব উৎপদ্যন্তে”। স্মৃতি কথা—“ভূষা ভূষা বিলীয়ন্তে” ইত্যাদি (গীতা)।

২৪। ব্যক্তাবস্থার পুরুষ ও প্রকৃতিরূপ দুই কারণ। এক অবিকারী †

• অবিদ্যা অর্থে বিপরীতজ্ঞান, জ্ঞানাভাব মর্মে। জ্ঞান সকল বৃত্তিস্বরূপ, অতএব বিপরীতজ্ঞান-বৃত্তি নস্ব-র নাম অবিদ্যা হইল। অস্ব-করণে বৈরূপ অবিদ্যা আছে, সেইরূপ বিদ্যা বা বরণখ্যাতির স্বীকৃত আছে। বক্তাবস্থার অবিদ্যার প্রাবল্য হেতু স্বরূপ-খ্যাতিভাব অতি অক্ষুণ্ণ। দুই বৃত্তির অন্তরাল অবস্থায় স্বরূপখ্যাতি থাকে, কিন্তু অবিদ্যার প্রাবল্যে বৃত্তি সকল এক ভ্রূ উঠিতে থাকে যে, অন্তরাল অলক্ষ্যবৎ হয়। নিম্নোক্ত বর্ণন খ্যাতি বা বৃত্তিস্বরূপকে প্রবল বা বাহ্যিক করিলে অবিদ্যা, বস্তুভূতা হইয়া কৈবল্য হয়।

† পুরুষার্থের দ্বারা পুরুষ বাক্তাবস্থার নিমিত্তকারণ হয়। পুরুষার্থ কি, তাহা উক্তমু-ক্রমে বুঝা আবশ্যিক। সাংখ্যমতে—পুরুষার্থিষ্টী প্রকৃতিঃ প্রবর্ততে”। সেই পুরুষ-বিজ্ঞান হইতে প্রকৃতি যে প্রেরণা পাইয়া অবর্ত্তিত হয়, তাহাই পুরুষার্থ। পুরুষার্থ হুৎপ্রকার, ভোগ ও অপবর্গ। ঐ উভয়ের তোতা পুরুষ। “পুরুষার্থিত ভোক্তৃত্বাবৎ কৈবল্যার্থঃ প্রবৃত্তেষ্টি”। পুরুষসিদ্ধির এহ দুই হেতু বিচার করিলে এ বিষয় স্পষ্ট হইবে। আনি চিত্তে এর লীন করিলে ‘কেবল আন হই। সেই চিত্তাভাবের ছেদ ফল ‘আনার’ কৈবল্য। সে বন চিত্তাবিতে অপায় না, কারণ তাহার লীন হয়। তাহা “কেবল আনিদেহ” বাইয়া গব্যাবসিত হয়। অতএব ‘ন-হি তৎফলস্য ভোক্তা’ (যোগভাষ্য)। পুরুষকে বোধফলের

ভোক্তা স্বীকার না করিলে কে তাহার ভোক্তা হইবে ? বুদ্ধাধিরা হইতে পারে না, কারণ তাহারাই নীল হয়। বুদ্ধাধির লয়ই যখন নোফ, তখন নিজেদের ময়ের স্নেহেতু বুদ্ধাধিরা হইতে পারে না। হস্তরাজ কৈবল্যের অন্য অংশটির (এবং সেই কারণে ভোগের অন্য অংশটির) মূল্যহেতু পুরুষার্থ। পুরুষকে ভোক্তা না বলিলে কাহার নোফ ? তাহারও কিছু বাবদী থাকে না। মুক্তির সাধনাদি সব বৃথা হয়। তখনই বুদ্ধাবহার পুরুষকে হৃৎ হৃৎয়ের অপারনার্থিক ভোক্তা এবং দৈবলাবস্থায় শান্তী শান্তির পারমার্থিক ভোক্তা স্বীকার না করিলে বাতুলতা হয়। এই ভোক্তৃত্বের স্নায়ুও পুরুষের বহুই স্বীকার্য। অর্থাৎ যখন কেহ বক্ত কেহ মুক্ত ইত্যাদি বিরুদ্ধ ভাব দেখা যায়, তখন তাহারের ভোক্তা পুরুষের ভিন্ন ভিন্ন, ইহা নাগবত: স্বীকার্য। যখন রাম ও আন মুক্ত হইবে, তখন রাম ও আনের একরূপ বোধ হইবে না যে, আনও এক হইয়া গেলান। কারণ রাম স্ত্রীমাণি সমস্ত দ্বৈত পদার্থকে জুলিয়া ফেলিলে কেহ দেখিলে তবে মুক্ত হইবে, এবং আনও তরুণ করিলে মুক্ত হইবে। যখন তাহারের পরমার্থত: 'এক হইয়া বাওয়া' বোধ হওয়া অসম্ভব, তখন তাহার যে এক হইবে একরূপ বলিবার বিন্দুমাত্রও প্রমাণ নাই। বলিতে পার, তাহার যে বহু হইবে, একরূপও ত কোন প্রমাণ নাই। অবশ্য পারমার্থিক দৃষ্টিতে কোন মুক্ত পুরুষ অন্য বহু মুক্ত পুরুষের সত্তা উপলব্ধি করিবে না বটে বরং সা ধ্যাত্তে তখন বেবল নিজেকেই শুধু বুদ্ধ অন্যত্র চিন্তা করিবে, তবে ব্যবহারদৃষ্টিতে যে বহুদের বিশেষ কারণ আছে এবং বহু না বলিলে যে বিশেষ বোধ হয়, তাহা ৬ পৃষ্ঠে অবশিষ্ট হইয়াছে। কেহ বলিবেন এ বিষয়ে কতই প্রমাণ। কিন্তু স্নাত্ত কখনও অন্যের বিষয় উপদেশ করেন না, আর অন্যার্থ যে সা ধ্যাত্তেও অসম্ভব, তাহা ৭ পৃষ্ঠে দ্রষ্টব্য। অনেক 'বহু অন্যত্র সত্তা অনন্তব' বলিয়া বিবেচনা করেন, কিন্তু কেন অসম্ভব, তাহার কোন মুক্তি দেখাইতে পারেন না। কেহ কেহ দৃষ্টান্ত দেন যে, 'এক স্বর্ঘ্য যেমন বহু মানে আর্তাবিধিত হয় এক পুরুষও তরুণ', ইহা দৃষ্টান্তবাক্য হইয়া প্রমাণ নহে। স্বর্ঘ্যের দৃষ্টান্ত স খোরাত বহু-বিষয়ে দেন। উহার বলেন 'যেমন স্বর্ঘ্য সত্তা বহুদ্রষ্টা অথচ একরূপে অতীতমান, পুরুষগণও তরুণ। স্বর্ঘ্য একরূপে অতীত হইলেও বক্ত: বহু বিষয়ের সমাবেশনার। প্রত্যেক স্থানে হইতে সেই এক এক বিধ দেখা যায়। আর প্রত্যেক স্থানে হইতে এক একটা দর্পণ দিয়া যদি এক স্থানে সত্তা স্বর্ঘ্যপ্রতিবিম্বকে উপস্থাপিত করা যায় তাহা হইলে তখন এক স্বর্ঘ্য হইবে। অতএব স্বর্ঘ্যকে একত্র সমাবিষ্ট বহু বহু একরূপ বিধনমঞ্জি বলা হইতে পারে, পুরুষও তরুণ। অনেকের পক্ষে দৃষ্টান্ত ব্যতীত বুদ্ধিবার আর উপায় নাই বটে, কিন্তু স্বীকার্য স্বপ্নরূপে তব অবগত হইতে চান তদূপ পাঠকগণের নিকট অথুরোধ তাহার যে এইধকার স্বপ্ন বিষয়ে বাস্তব দৃষ্টান্তকে প্রমাণরূপ না জানিয়া ও তাহা ভাণি করিয়া সাক্ষ্যভাবে উপলব্ধি করিত্তে চেষ্টা করেন। আরও এক বিষয় দ্রষ্টব্য। সম্যগন্যনের পক্ষে অর্থাৎ মোক্ষান্যনের পক্ষে পুরুষের বহুবাব বা একবাব ইহার মধ্যে যে কোন বাবই মূল্য উপযোগী। উহার কোন

নিমিত্তকারণ, আর এক বিকারী উপাদানকারণ। এই বিরুদ্ধ কারণের  
 থাকাতে ব্যক্তভাবে ঐবিধা দেখা যায়, যথা পুরুষায়মী প্রকাশশূল, অব্যক্ত  
 যমী স্থিতিশূল এবং উভয়সম্বন্ধী ক্রিয়াম্বে ভাব (১৫ পৃষ্ঠ স্তম্ভে)। একল  
 আধুনিক ব্যক্তি কি হইবে, তাহা দেখা যাউক। অব্যক্ত অনায়ত্তাব, স্বাভিক  
 চৈতন্যের সহিত সংযুক্ত হইলে অব্যক্ত ব্যক্ত হইবে। অনায়ত্তাব ব্যক্ত  
 হওয়া অর্থে তাহার বোধ হওয়া অর্থাৎ চেতনাবৎ হওয়া। অশ্চৈতন্তত্ত্ব লৈ  
 বোধের অধিকারী হেতু, সূত্রাঃ অনায়ত্তবোধ তাহাতে আরোপিত হয় ময়।  
 ইহাতে ‘আমি’ (বোকা কঠাদিযুক্ত) এষ্টরূপ ভাব অর্থাৎ বুদ্ধি হয়। বস্তু  
 কারণের লিঙ্গ, অতএব বুদ্ধিতেও স্বকীয় হেতু ও উপাদান উভয়ের লিঙ্গ থাকিলে  
 তদ্বধ্যে অশ্চৈতন্তরূপ হেতুর আনিত্ত্বরূপ লিঙ্গ তাহাতে পাওয়া যায় এ’  
 ‘বাহুবোধ’ বা ‘অনায়ত্তের বুদ্ধিতাব’ রূপ অব্যক্তের লিঙ্গও তাহাতে পাওয়া  
 যায়। আদিম লিঙ্গ বলিয়া বুদ্ধির নাম লিঙ্গ বা লিঙ্গনাম। আর বোধ  
 এবং সত্তা অবিনাশিত বা অবিবেকব্য বলিয়া তাহার নাম সত্তানাম বা সবা।  
 অনায়ত্তবোধের আয়ত্তবোধে আরোপের নাম উপচার। চৈতন্তের দিক্ হইতে  
 ইহা বুঝাইলে হহাকে চিন্মায়া বা চিন্মাতাসে বলে। \* বাহুবোধ স্বপ্রকাশ  
 আনিত্তে বাইয়া শেষ হয়, কিন্তু শেষ আনিত্ত আয়ত্তবোধস্বরূপ, সূত্রাঃ তখন  
 অনায়ত্তবোধের ময় হয়। তজ্জ্ঞান অনায়ত্তবোধ চকল বা পরিণামী। অর্থাৎ

মাকে বোঝের কোন স্মৃতি হয় না, কারণ বোঝসামনে কেবল নিজেই চিন্মাত শুদ্ধ অনন্ত  
 বলিয়া জ্ঞানকে হয়, পর বা মনস্ত অনায়ত্তের জ্ঞান ছাডিতে হইবে। উভয় মতেই এতোক  
 দীর্ঘ চিন্মাত শুদ্ধ অনন্ত, সূত্রাঃ বোঝবিধের কোন ব্যাঘাত হয় না। কিন্তু মনস্ত ও  
 বুদ্ধিবার জন্ত পুরুষস্বরূপে স্বমধিক জ্ঞাত্য।

\* এবিধের ব্যক্ত উদাহরণ না থাকাকে উক্ত দূটাত্তের উদাহরণ নহে) যারা বুদ্ধান হয়,  
 মনি উপমজি করিতে গাল, তাহাকে নিম্নের ভিতর দেখা উচিত। মনে কর, আমি মনস্ত  
 : জ্ঞানবুদ্ধি বোধ করিগাম। বুদ্ধিবোধ হইলে অশ্চৈতন্তের নাশ হয় না, কারণ কোনও  
 : ময় নিজেই নিম্নের নাশক হইতে পারে না। তদ্বজ্ঞ তখন আমি কত্বয়াদিশূত্র হই।  
 এই ভাবের ধারণা করিতে করিতে তবে উপলব্ধি হয়। বিপরীত আর এক আকারের দূটাত্তের  
 : মাত ইহা বুদ্ধান ঘাট, যথা স্বাভিক বা সরসীৰ উচ্চনা। এই দূটাত্তের জেদ লহনা  
 : কহ কেই অস্বর্ক পোল করেন। তাহা হয় বৃট স্ব ও উদাহরণের ৩৭ পৃষ্ঠা উচিত।

কৰ্ণশক্তিৰ নিয়মক প্ৰতিনিয়ত অহুভবেৰ গণচয় কৰে । তাহাতে অশ্ৰিতা পৰিণাম প্ৰবাহ অক্ষয় হইতে বাহ্য আইসে ।

বাহ্যক্ৰিয়াৰ মণ্ডে গাৰা বোধো-পাদক, তাহাৰ সহিত সম্পৃক্ত হইয়া অশ্ৰিতা যে প্ৰতিনিয়ত তানুশী ক্ৰিয়াবতী হইতে থাকে, তাহাই বোধেৰ অধিষ্ঠান ধারণ প্ৰাণনশক্তি । তদগ্ৰাণ্য দাগ বাহ্যোদ্ভবশ্ৰুতবোধেৰ অধিষ্ঠান ধারণ কৰে, তাগ প্ৰাণ ও গাৰা ধাতুগত অশ্ৰুতবোধাধিষ্ঠান ধারণ কৰে তাহা উদান । যাহা স্বত. কাৰ্যেৰ হেতুভূত, প্ৰবণভাবে উত্তম্বনোদ্ভুধ ক্ৰিয়া ধারণ কৰে, তাহা ব্যান । প্ৰান্ত্যক ক্ৰিয়াই মন্তাচ বিকাশশীল বা Pulsative (ইহাৰ কাৰণ ১২৪ পৃষ্ঠ দ্ৰষ্টব্য) । সেই উত্তম্বিত ক্ৰিয়াৰ সন্তোচভাব-সম্পৃক্ত অশ্ৰিতা পৰিণাম অপান • । এবা অহুতম্বন-যোগ্য ষাভ্যতা-প্ৰধান ক্ৰিয়া সম্পৃক্ত অশ্ৰিতা পৰিণাম সমান । এইৰূপ বাহ্যক্ৰিয়া সম্পৰ্কে পৰিণত হইয়া অশ্ৰিতা বাহ্যকরণ স্বৰূপ হয় ।

২০। অত পৰ অশ্ৰিতা হইতে চিত্ত নামক আভ্যন্তর করণ বিকল্পে হয়, দেখা যাউক । বাহ্যকরণৰ কোন ব্যাপার বা বিষয় (২০ পৃষ্ঠ দ্ৰষ্টব্য) হইলে তাহা বুদ্ধ হয়, কাৰণ বোধ সৰ্গকরণেই অমানিক পৰিমাণে আছে । সেই বুদ্ধভাণ অন্ত বরণৰ স্থিতিস্থিত্ব ঘাৰা বিধৃত হইবে, কাৰণ ধারণ কৰাই স্থিতিস্থিত্ব কাৰ্য্য । সেই সৰ্গধারক (কৰণ ও বিষয় ধারক) স্থিতি বৃত্তিব বা তামস অশ্ৰিতান(নেনেৰ বাহ্যাপিত্ত বিষয় ধারণৰূপ যে পৰিণাম হয়, তাহাই চৈতিক স্থিতিস্থিতি । পূৰ্ণস্থত ভাবেৰ অহুভবসহযোগে বাহ্যভাব (গৃহমাণ বা গৃহীতমাণ) নিশ্চয়কাৰিকা অশ্ৰিতাপৰিণামেৰ নাম প্ৰমাণ বৃত্তি । তৰূপ কৰণগত ভাবেৰ (পূৰ্ণস্থত [স্থিতি] অথবা জ্ঞতমান [হুধাদি]) বোধ স্বৰূপিত্ত অশ্ৰিতা অহুভব । পূৰ্ণাশ্ৰুতবযোগে প্ৰকাশ্য কাৰ্য্যাদি বিষয়ৰ সহিত আয়দনক্ৰকাৰিণী অশ্ৰিতা বাহাতে শক্তি সক্রিয় হয়, তাহাই চেষ্ট বৃত্তি । হৰাও পূৰ্ণস্থত (সোমন সঙ্কে ও কমনাৰ) এবা জনিযমাণ (যেমন অব ধান চেষ্টাৰ) উত্তম্ববিধ বিষয় বাবহারকাৰী । বস্ত্ৰৰ ব্যবহাৰ সিদ্ধাৰ্য্য অবান্তব

• শৰীৰেৰ শেণী প্ৰকৃত শক্তিৰূপ তাহা উত্তম্বিত হইয়া ক্ৰিয়া হয় । ক্ৰিয়া হইলে শেণাৰি বিক্ৰিষ্ট হয় অতএব সেই বিক্ৰিষ্ট জবা বাহা হইতে শক্তি ক্ৰিয়াৰূপে কতক অংশত হইয়াছে তাহা শেণাৰি বিধাৰ জৰ সন্তোচবহা । তাহাই অংশ ন নামক অশ্ৰিতাৰ বিষয় । অতএব অংশন কৃত্তি-ক্ৰিয়া বা প্ৰতিনিয়তা বা অপক্ৰিয়-সম্পৃক্ত অশ্ৰিতা-পৰিণাম হইল ।

বিষয়ক শব্দাহুপাতী স্মৃতি-পরিণাম বিকল্প । ভাষাতে এইবৃত্তি অবশ্য-  
স্থায়ী, ইহা বিদ্যমান ও অবিদ্যমান উভয়বিধ বিষয় ব্যবহার করে (যেহেতু  
বিদ্যমান বিষয় আশ্রয় কবিয়া অবাস্তব বিষয়কে লক্ষ্য কবে।) গৃহ্যমাণ, গৃহীত  
ও গৃহীত্ব্যমাণ এবং অগৃহ্যমাণ, এইপ্রকারে বিষয় ত্রিবিধ বলিয়া চিন্তেব  
ক্রিয়া বা ব্যবসায় মূলতঃ ত্রিবিধ; যথা, মদ্যব্যসায় বা বর্জনমানবিষয়ক, অমদ্যব্যবসায়  
বা অতীতানাগতবিষয়ক এবং অপরিদৃষ্টব্যবসায় বা অগৃহ্যমাণবিষয়ক । প্রথম  
= গ্রহণ, দ্বিতীয় = চিন্তন, তৃতীয় = ধারণ ।

২৭। প্রমাণাদি বৃত্তি সকলেব বিষয় ত্রিবিধ, যথা, বোধ্য, প্রবর্তনীয় ও  
ধার্য্য । সেই বিষয় ব্যাপার কালে চিন্তে যে গুণের প্রাহুর্ভাব হয়, তদ্ব্যবাহিত  
চিন্তাই অবহাগৃহীতি বা গুণবৃত্তি । ক্রিয়া ও জাড্যতার অন্নতা এবং প্রকাশের  
আধিক্য সাধিকতার লক্ষণ । অতএব যে বিষয় ব্যাপাব স্বল্পক্রিয়া বা স্বল্পায়স-  
নাধ্য অখচ খুব ক্ষুট, তাহাই সাধিক হইবে । এইরূপ বিষয়-ব্যাপাব হইলেই  
স্বথ হয় । অস্বকুল বেদনার তাহাই অর্থ । সেইরূপ রাজস বা ক্রিযাবহুল  
বিষয় ব্যাপারে চিত্ত অবস্থিত হইলে দুঃখ বা প্রতিকূল বেদনা হয় । আর  
যে বিষয় ব্যাপার অনায়াস সাধ্য কিন্তু যাহাতে বোধ অক্ষুট, তাহা স্বথ দুঃখ-  
বিবেক শূন্য মোহাবস্থা । এক্ষণে উদাহরণ দিয়া ইহা দেখা যাউক । মনে  
কর, চোমার গৃষ্ঠে কেহ হাত বুলাইতেছে । প্রথমতঃ তাহাতে বেশ স্বথ  
বোধ হইতে লাগিল, কিন্তু তাহা যদি অনৈকরূপ ধরিয়া এবভাবে করা হয়,  
তখন যন্ত্রণা হইতে থাকে । অর্থাৎ প্রথমতঃ বোধ-ব্যাপারে (শেষের তুলনায়)  
ক্রিয়া যখন অল্প ছিল, তখনকার ক্ষুট বোধ স্বথময় ছিল । সেই ক্রিয়া  
বৃদ্ধিতে অর্থাৎ বোধ-ব্যাপাব যখন বহুল ক্রিয়া যুক্ত হইল, তখন দুঃখময়  
বেদনা হইতে লাগিল । পরে আবার হাত বুলাইতে থাকিলে যন্ত্রণা অত্যধিক  
হইয়া শেষে নিঃশব্দ হইয়া আর যন্ত্রণা অনুভবেরও শক্তি থাকিবে না ।  
তখন সেই বোধ-ব্যাপাবে গ্রহণক্রিয়াধিক্য ও তজ্জনিত স্বথ বা দুঃখের অনু-  
ভব থাকিবে না (এজন্য অতিপীড়ার শেষে আর দুঃখ বোধ থাকে না) ।  
সেই ক্রিয়াধিক্য ও ক্ষুটতা-শূন্য (স্বথ দুঃখের তুলনায়) বোধাবস্থার নাম মোহ ।  
এই জন্ত বলা হয়, সব হইতে স্বথ, রজঃ হইতে দুঃখ এবং তমঃ হইতে  
মোহ । সাধাবণ বিষয়-ব্যাপাবে (সাধারণ-বিষয়-গ্রহণে) স্বথ, দুঃখ ও মোহ  
অক্ষুটভাবে থাকে (যেমন সাধারণ খাওয়া শোয়া ইত্যাদিতে) । যখন অসাধারণ




অর্বসিদ্ধি বা মিষ্টানাদি সংযোগ হয়, তখনই আমরা সুখ হইল বলি । সেইরূপ স্বার্থের সমাক্ষ ব্যাঘাত বা শবীরের স্বভাবতঃ (অম্লোদ্ভেব মাধ্য) যে অমুভব আছে, তাহাব বোধে অত্যাশ্রয়জনিত পীড়া প্রাপ্তিতে আমরা দুঃখ হইল বলি । এক অতিদুঃখের শকাব্দাত ভয় অথবা গুণতব শাবীব পীড়ায় বোধ চেষ্টা মোগ হইলে আমরা মোহ হইয়াছে বলি । সুখাদিরা বোধেরই এক একপ্রকার অবস্থা বলিয়া তাহাদের নাম বোধগতাবস্থান্তি । সুখ ইষ্ট বলিয়া তদমুত্তিপর্যক ালাতে চেষ্টা কার, সেইরূপ দুঃখ অনিষ্ট বলিয়া তদ্বিরুদ্ধে চেষ্টা করি, আব মুখ হইয়া অস্বাধীনভাবে চেষ্টা কবি । এই ত্রিবিধ চেষ্টাবস্থাব নাম বাণ, দ্বেষ ও অভিনিবেশ । এতদ্ব্যতীত আব একপ্রকার চিত্তাবস্থা হয়, তাহাদের নাম জাগ্রৎ, স্বপ্ন ও নিদ্রা । জাগ্রৎকালে প্রতি নিয়ত চিত্তেতে বাহ্যকবণজ্ঞত বোধবৃত্তি হইতেছে । যদিচ আনাদের অঙ্গ সকল মুখ্য এব\* তাহাদের এক একটীতে পর্যায়ক্রমে ব্যাপাব হয় কিন্তু চিত্তে নিয়তই ব্যাপার চলিয়াছে । গুণের অভিব্যক্তিভাবক স্বভাবে এই গ্রহণ ব্যাপারেরও অভিব্য হয়, তখন ইন্দ্রিয়াতিমুখ অবধানবৃত্তি (যাহা গ্রহণের মূল) অতিক্রান্ত হইয়া যায় । ইহা হইয়া কেবল চিন্তন ব্যাপার থাকিলে তাহাকে স্বপ্নাবস্থা বলে । পরে চিন্তন ক্রিয়াও সমস্ত বৃদ্ধ হইলে তাহাকে নিদ্রাবস্থা বলে । জাগ্রদবস্থাব সমস্ত কবণাধিষ্ঠানই অজ্ঞত থাকিয়া চেষ্টা কবে । স্বপ্নাবস্থায় জ্ঞানেন্দ্রিয় এব\* কতক পরিমাণে কশ্মেন্দ্রিয়ও জ্ঞত হয় এব\* অবধানবৃত্তিব অতিরিক্ত যে সকল চিত্তাধিষ্ঠান, তাহারা সক্রিয় থাকে । সুশুপ্তিকালে তাহারাও জাভ্যতা পায় । সেই জাভ্যতাবলম্বী বৃত্তির নামই নিদ্রা । নিদ্রাকালেও একপ্রকার অশুট বোধ থাকে, যাহাতে পরে ‘আমি নিদ্রিত ছিলাম এইরূপ স্মৃতি হয়, কারণ অমুভব ব্যতীত স্মৃতি সম্ভব নহে । জ্ঞানেন্দ্রিয়াদিব জ্ঞায় প্রাণেব ওরূপ দীর্ঘকালব্যাপী নিদ্রা নাই, বাহা আছে, তাহা তামসস্ববিধায় আমাদের গোচর হয় না । এক নাগায় এককালে খাসবায়ু প্রবাহিত হয় দেখিয়া জানা যায় যে শরীরের বাম ও দক্ষিণ অঙ্গদ্বয় পর্যায়ক্রমে কাব্য কবে । সেইরূপ সনানাদির অধিষ্ঠানহৃত অংশ সকল কতক স্রণ কার্য করে ও কতক স্রণ স্থির বা জড় থাকে । স্বপ্নিও ও খাস যন্ত্রের সেই জাভ্যতা অল্পকালস্থায়ী, অর্থাৎ কতক কালের জ্ঞত ক্রিয়া ও পরে জাভ্যতা প্রতিনিয়ত পর্যায়ক্রমে চলে । প্রাণন ক্রিয়া তামস বা

জ্ঞানেচ্ছা-নিবপেক্ষ বলিয়া নিদ্রাকালে জ্ঞানেচ্ছা বন্ধ হইলেও উহার কায্যেব ব্যাঘাত হয় না। আদিম গুণ সকলের অভিভাব্যাবিত্যবক স্বভাব হইতেই শরীরাদিব প্রত্যেক ক্রিয়াই সঙ্কোচ-বিকাশী। চিত্তের সঙ্কোচ-বিকাশ (বৃত্তিরূপ) অতিক্রম, স্মৃত্যং জাভ্যতাক্রান্ত স্থলেন্দ্রিয়েব সঙ্কোচ-বিকাশ-ক্রিয়াব সহিত তাহা অসমঞ্জস। কতকগুলি চিত্ত-ক্রিয়া সম্পাদন কবিত্তে কবিত্তে স্থলেন্দ্রিয়েব স্ৰাস্তি বা অভিভব প্রয়োজন হব, কিন্তু চিত্তেব হয় না। তখন চিত্ত স্থলেন্দ্রিয়েব একাংশ ত্যাগ করিয়া অন্তাংশেব ঘারা কাৰ্য্য সম্পাদন কনায়। এই নিমিত্তেব ঘাণা উদ্বিক্ত হইয়া ইন্দ্রিয় সকল যুগ্ম যুগ্ম কবিয়া উৎপন্ন হইবাছে। চিত্তেব সেই ক্রতক্রিয়া যুগ্মাধিষ্ঠান সকলেব ঘারা কতকক্ষণ অসম্পন্ন হইলেও, চিত্তাধিষ্ঠানধারণকানিণী স্থলভিমানিনী প্রাণনশক্তি স্ৰাস্ত বা অভিভূত হইবা পড়ে, তাহাতেই স্বপ্ন ও নিদ্রা হয়। এই-জন্ত যাহাবা বিবয়জ্ঞানপ্রবাহ বন্ধ কবিয়া চিত্ত স্থিব কবিত্তে থাকেন, তাঁহাদেব ক্রমশঃ অন্তঃপ্রবিনাণ নিদ্রাব প্রয়োজন হয়, অথবা মোটেই হয় না।

২৮। বুদ্ধি হইতে সমান পর্য্যন্ত সমস্ত কবণশক্তিব নাম লিজশরীর \* ।

\* বুদ্ধি হইতে সমান পর্য্যন্ত করণ সকলের যে জাতি ও ব্যক্তির বিভাগ বরা হইয়াছে, তাহা কেবল মনাদি গুণসুসারেই কৃত হইবাছে ইহা জাতবা। নিম্নস্থ পরিলেখ বা Diagram ঘারা করণ সকলের জাতি ও ব্যক্তিতে কিক্রম গুণসংযোগ, তাহা অস্পষ্ট বুঝা বাহিবে। চিত্তের শ্বেতাংশ বসন্তগুণ, কৃষ্ণাংশ তমোগুণ, এবং স্তম্ভত্বসকারী শব্দচিত্তিক রজোগুণের নিবর্ণন। একটী পর উর্ধ্বপ্রোত বা তমঃ হইতে স্ফাতিমুৎপত্ত বা অঙ্গবাসিত ভাবেব প্রকাশক, আর একটী অধঃপ্রোত বা তমঃশক্তিযুগ বা প্রকাশিতের আবরক বা ধারক। এদণে চিত্তটিকে অস্তঃকরণের নিবর্ণন ধরিলে, ন আনিহরূপ বুদ্ধি, ব অভিমান এবং ত ধারক মন হইবে। অর্থাৎ সর্গকরণধারক, শক্তিভূত মন বিবণের ঘারা উদ্বিক্ত হইলে সেই উর্ধ্বক স-তে ঘাইয়া প্রকাশিত হয়, ইহাই প্রণ্যা। সেইরূপ ত-স্থিত আবৃত্ত অবস্থার সেই প্রণ্যা প্রত্যাবর্তন করে, তাহাই স্থিতি। এই এদণে ও ধরণে যে আত্যাত্মিক পরিবর্তন ভাব হয়, তাহাই প্রবৃত্তি বা বৃত্তি সকলের উপর ও অধঃপ্রণিয়া-প্রবাহ।



তাহার পর, ই চিত্তক গাছকরণত্রয়ের নিবর্ণন ধরিলে, ত এদণ অর্থাৎ প্রণবতঃ অধিষ্ঠান বা স্থিতি

তাহাদের অভিব্যক্তির জন্ত বৈষয়িক উদ্দেশ্যের আবশ্যিক। বৈষয়িক উদ্দেশ্যের অভাবে তাহাদের ক্রিয়া থাকে না ; ক্রিয়া না থাকিলে শক্তি অলক্ষ্য বা মীনভাব ধারণ করে। তজ্জন্ত বিষয়ের সহিত সংযোগ নিদ্রশরীরের অভিব্যক্তির জন্ত অর্থাৎ-নিমিত্ত। নিদ্রশরীরের অধিষ্ঠানকৃত বৈষয়িক বা ভৌতিক শরীরেব নাম ভাবশরীর। ভাবশরীর স্থূল বা পার্থিব এবং পার-মৌকিক হইতে পারে। সাংখ্যাশাস্ত্রে আছে—

তাব, র কর্ণেল্লির অর্থাৎ প্রধানতঃ প্রাণরূপ-শক্তি অবস্থার উদ্ভেদক বা ক্রিয়াভাব, এবং স জানেল্লির অর্থাৎ প্রধানতঃ উদ্ভিত শক্তির প্রকাশভাব।

এক্ষণে করণরূপে ত্যাগ করিয়া চিত্রটীকে করণব্যক্তির নিদর্শন ধরা যাক্কে। প্রথমতঃ চিত্রটীকে বুদ্ধির নিদর্শন ধরিলে স সাত্বিকবুদ্ধি বা 'জ্ঞাতা আমি,' র বাজসবুদ্ধি বা 'কর্তা আমি,' এবং ত তমসবুদ্ধি বা 'ধর্তা আমি' হইবে। সেইরূপ অহংকারের নিদর্শন ধরিলে, স বোধগত অতিমান, র চেষ্টাগত এবং ত স্থিতিগত অতিমান হইবে। উহাকে মন ধরিলে, সেইরূপ স জ্ঞানশক্তি, র কর্ণশক্তি এবং ত প্রাণনশক্তি অর্থাৎ মন বৈকারিক বা অন্তঃকরণা-তিরিক্ত করণের মূলশক্তি। (শব্দবাদিশক্তির) 'ধর্তা আমি' উদ্ভিক্ত হইয়া উর্ধ্বশ্রেষ্ঠ হইলে জ্ঞান বা 'জ্ঞাতা আমি' হয় এবং 'জ্ঞাতা আনির' আবহিতভাবে প্রত্যাবর্তনই "ধর্তা আমি"। অহংকার ও মনের সংঘর্ষে তজ্জগৎ।

এক্ষণে চিত্রকে বাহ্যকরণের কর্ণরূপ ব্যক্তির নিদর্শন ধরা যাক্কে। তাহাতে স শব্দ-জ্ঞানস্থান, র জ্ঞানশ্রেষ্ঠ, এবং ত কর্ণপোলক। উর্ধ্বমুখ র গ্রহণশ্রেষ্ঠ এবং অধোমুখ র কর্ণাবধান-স্বরূপ। অস্তাঞ্জ বাহ্য করণে এইরূপ বুদ্ধিতে হইবে। কর্ণেল্লিরে এবং প্রাণে যে চেষ্টা আছে, তাহা অধঃশ্রেষ্ঠ এবং তত্তদগত আন্তেবাদিবোধ উর্ধ্ব শ্রেষ্ঠ।

এক্ষণে উক্ত চিত্র হইতে কিরূপে ত্র্যমশক্তি হইতে পঞ্চশক্তি উৎপন্ন হয়, তাহা প্রদর্শিত হইতেছে। চিত্রটীকে পুনশ্চ অস্তঃকরণ ধর, স বুদ্ধি, র অহং ও ত মন। বৈরাগ্যাত্ম্যমানের ক্রিয়া র দ্বারা অভিহিত হইলে অন্তঃকরণ বাহ্যকরণে পরিণত হয়, অতএব ধর ১, ২, ৩, ৪, ৫ হইতে ৫টি ক্রিয়াবেগ ঐ চিত্রটীকে অভিহিত করিতেছে। স ও ত তে প্রকাশ ও মীভাতা অত্যধিক, ক্রিয়া খুব কম অর্থাৎ ঐ দুই কোটি অত্যন্ত-পরিবর্তনীয় এবং স ও ত হইতে দুই মধ্যমরূপ সর্বাংশে পরিবর্তনীয়, বা ক্রিয়াশীল, বা ক্রিয়াগ্রাহক। অতএব যে ক্রিয়াবেগ স-তে অভিঘাত করি'ব, তাহা সর্বাংশে ক্ষুটরূপে গৃহীত হইবে, সেইরূপ ত তে সর্বাংশে ক্ষুটরূপে গৃহীত হইবে, এবং র-তে সর্বাংশে ক্ষুট ক্রিয়াশীলরূপে অভিহিত বেগ গৃহীত হইবে। ২ ও ৪ স্থানে মধ্যমরূপে অর্থাৎ সাত্বিক রাসস ও রাসস তামস তাহা গৃহীত হইবে। এইরূপে জ্ঞানেঞ্জিয়াবিয়া পঞ্চ পঞ্চ করিয়া উৎপন্ন হয়।

‘চিত্রং যথাশ্রয়মুত্তে স্থাখাদিত্যশ্চ বিনা যথা ছায়া ।

তদ্বন্ধিনা বিশেষৈর্ন ভিষ্ঠতি নিরাশ্রয়ং নিদ্রম্ ॥’

অর্থাৎ চিত্র যেমন পট ব্যতিরেকে বা স্থাখাদি ব্যতিরেকে যেমন ছায়া থাকিতে পারে না, সেইরূপ বিশেষ (তান্মাত্তিক বা ভৌতিক অধিষ্ঠান) বিনা নিদ্র থাকিতে পারে না। অতএব কারণশক্তির অভিব্যক্তির জন্তু বৈষয়িক ক্রিয়ার যোগ থাকা চাই। আমাদের পক্ষবিধ জ্ঞানেঞ্জিয় সেই বাহ্য বৈষয়িক ক্রিয়াকে পক্ষভাবে গ্রহণ করে। তন্মধ্যে কর্ণ সর্বাঙ্গপেক্ষা অব্যাহত ক্রিয়া গ্রহণ করে, অপরেবা ক্রমশঃ জাজ্যতাক্রান্ত ক্রিয়া গ্রহণ করে। এ বিষয় গ্রন্থমধ্যে সবিশেষ প্রদর্শিত হইয়াছে (৪০ পৃষ্ঠ দ্রষ্টব্য)। পূর্বেই প্রমাণিত হইয়াছে যে, বাহ্যক্রিয়া বিরাত্‌নানক পুরুষবিশেষের অস্থিতা-প্রতিষ্ঠিত; সেই ক্রিয়ার তেদভাবই পক্ষ তন্মাত্র ও ভূতের স্বরূপতব। ইহাও গ্রন্থমধ্যে প্রদর্শিত হইয়াছে (৬৯ পৃষ্ঠ দ্রষ্টব্য)। বিরাত্‌ পুরুষের নিকট অবশ্য ভূতরূপ বাহ্যক্রিয়া থাকিবে না; কারণ স্বকীয় আভিমানিক ক্রিয়া গ্রহণরূপেই প্রতিভাত হয়, গ্রাহ্যরূপে নহে।

এইরূপে প্রকৃতি-পুরুষ হইতে সমস্ত তব উদ্ভূত হয়। কোন বিষয়ের প্রকৃত মননের জন্য বিশেষ ও সমবায় এই উভয় প্রণালীর যুক্তির দ্বারা যুক্তিতে হয়। এইরূপ মননের পর নিদিধ্যাসন করিলে তবে ভবমাৎসকার হইয়া কৃতকৃত্যতা ও ত্রিতাপ হইতে একান্ততঃ ও অত্যন্ততঃ মুক্তি হয়।

### স্বপ্ন-পক্ষ-বিচার ।

২২। দর্শনশাস্ত্রের মধ্যে কতকগুলি মোক্ষ-প্রতিপাদক। তন্মধ্যে বাহার্য বেদের প্রামাণ্য স্বীকার করিলে, তাঁহাদের নাম আত্মিক মুক্তি-দর্শন। আত্মিক দর্শনের মধ্যে কেহ কেহ জগতের ঈশ্বরকর্তৃক স্বীকার করেন, এবং সাংখ্যশাস্ত্র জগৎকে প্রকৃতি-পুরুষ-প্রজ্ঞাত কর্তৃশূন্য বলিয়া প্রতিপাদন করেন। সাংখ্যীয় ঈশ্বর মুক্ত-পুরুষবিশেষ, স্মৃতরাং কর্তৃস্থানমানশূন্য। সাংখ্যগণ শ্রুতির প্রামাণ্য-বিষয়ে যে যুক্তি দেন, তাহার সার এই—আত্মা, নিরোধ-সমাধি প্রভৃতি অলৌকিক পদার্থ যদিও যুক্তির দ্বারা সিদ্ধ হয়, কিন্তু সেই যুক্তি-প্রবর্তনার ঘন্য অগ্রে প্রতিজ্ঞা চাই। অগ্রে প্রতিজ্ঞা না জানিলে

ওরূপ অনৌকিক পদার্থে যুক্তি প্রবর্তিত করা যায় না। সেই প্রতিজ্ঞা সকল আমবা পবম্পরাগত শাস্ত্র হইতে পাই, পবে যুক্তিব দ্বারা সিদ্ধ কবিয়া উপপত্তি কবি। বিজ্ঞ যিনি আদিম উপদেষ্টা, ঐহ্যার উপদেশক ছিল না, তিনি সেই প্রতিজ্ঞা কোথায় পাইলেন? অতএব স্বীকাৰ করিতে হইবে যে, আদিম উপদেষ্টা সেই সকল অনৌকিক বিষয় সাদাংকার করিয়া তবে উপদেশ কবিত্তে সমর্থ হইয়াছিলেন। অতএব শাস্ত্র আদিতে সাদাংকারবাবী বা জীবন মুক্ত ('জীবন মুক্ত'—গাংখ্যাত্ত) পুরুষ কর্তৃক উপদিষ্ট হইয়াছে। শ্রুতিতেও আছে—'ইতি শুক্রমো ধীরাণাং যেন সন্তব্যচচণিবৈ'। ঐহ্যাবা আদিতে সাদাংকার করিয়াছিলেন, তাঁহাদের কিরূপে ওরূপ অনৌকিক বিষয়ে প্রবৃত্তি হইল? ইহ্যার উত্তরে প্রাগ্ভবীয় প্রবল সংস্কার বলিতে হইবে। কথিত আছে, কপিপৰ্বি মোক্ষ সাধনোপযোগী শূট জ্ঞান সহ জন্মগ্রহণ করিয়াছিলেন, পবে সাদাংকার কবিয়া আশ্রমি মুনিকে উপদেশ করেন। পূৰ্ণ সর্গেব জ্ঞান এইরূপে এই সর্গে প্রকাশিত হইতে পাবে। ঐহ্যাবা বেদ শকাৰ্বে বিজ্ঞা বলিয়া বুঝেন, তাঁহাবা এইরূপে পূৰ্ণ পূৰ্ণ কল্প হইতে আগত ব্রহ্মবিদ্যাকে অনাদি বলিতে পারেন। প্রচলিত হই তিনপ্রকাৰের ভাষাতে রচিত ঐহ সকলকে বেদ বলিলে নানা গোল হয়। জীবমুক্ত পুরুষের লক্ষণ পর্যালোচনা কবিলে তাঁহাদের উপদেশ কিরূপ অনবত্ত হইবে, তাহাব কতক জ্ঞান হইতে পারে। তজ্জন্য প্রচলিত শাস্ত্র সকলকে আদিম ধীরাণের উপদেশাবলম্বনে রচিত বলা ব্যতীত আর গত্যন্তর থাকে না। 'ইতি শুক্রম' এই শ্রুতিতে উহা স্পষ্টই উল্লিখিত হইয়াছে। যে সাধনে জীবমুক্ত হয়, তাহাতে সমস্ত বাহ্যবিষয়ে চবমবৈরাগ্য করিতে হয়। তাঁহারা বাহ্যজগৎকে কিরূপ দেখেন, তাহা ভূত তন্মাত্র সাদাংকারে উক্ত হইয়াছে। এমন কি, তাঁহাদের বাব্যার্থ সঙ্গীর্ণ চিন্তবৃত্তিও ত্যাগ কবিত্তে হয়, এবং তাঁহাদের ব্রহ্মালিলোক কবতলগত হয়। অতএব বৃত্তিতে পাবিবে, ঐহ শূত্র পৃথিবী ও মতামত ঋগুনাদি বিষয়ে তাঁহাদের কিরূপ অভিক্রটি (অভিক্রটি বৃত্তিও তাঁহারা পূৰ্ণেই ত্যাগ করেন) হইতে পারে। তাদৃশ পুরব প্রারম্ভ: জনবৃদবৃদের ত্রায় বাহ্যজগৎকে লক্ষ্য না করিয়া কৈবল্য আশ্রম করেন। কেহ কেহ বা কারণ্যবশত: (তাঁহাবা পূৰ্ণে কারণ্য মৈত্রাদির দ্বারা চিত্তের পবিকর্ষ করেন, চিত্ত অতিব্যক্ত হইলে পভাবত. কারণ্যবৃত্ত হইয়াই হয়) স্বীকরণ চিত্ত অপবা নিশ্চয় চিত্ত আশ্রম

